২২. বেলারুশের রাজধানীর নাম কি? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক : ০০]
ক কিয়েভ খ বাকু
গ মিনস্ক ঘ ভিসটুলা **উত্তর: গ**

২৩. **The Capital of Ukraine is-** [First Security Islami Bank Ltd. Officer : 14]
Or,
ইউক্রেনের রাজধানীর নাম কী? [মহা- হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর : ১৫]
ⓐ Tashkent ⓑ Kiev
ⓒ Belgrade ⓓ Tbilisi **Ans:** b

২৪. কিয়েভ যে দেশের রাজধানী- [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এ- ইউনিট) : ১৩-১৪]
ক ইউক্রেন খ তাজাকিস্তান
গ পূর্ব তিমুর ঘ বলিভিয়া **উত্তর: ক**

২৫. **Name the capital city of Russia.** [Bank Alfalah Ltd. MTO : 05]
Ans. Moscow.

২৬. অস্ট্রিয়ার রাজধানীর নাম কি? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ১৫]
ক বৈরুত খ সিডনী
গ মস্কো ঘ ভিয়েনা **উত্তর: ঘ**

২৭. ফ্রান্সের রাজধানীর নাম? [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৩]
ক লন্ডন খ প্যারিস
গ নিউইয়র্ক ঘ বাগদাদ **উত্তর: খ**

২৮. আয়ারল্যান্ডের রাজধানী কোনটি? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]
ক ডাবলিন খ বেলফাস্ট
গ গ্লাসগো ঘ লন্ডন **উত্তর: ক**

২৯. পর্তুগালের রাজধানী কোথায়? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট - জোড়) : ১৬-১৭/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]
ক মাদ্রিদ খ লিসবন
গ রোম ঘ তিরানা উত্তর: খ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৩০. **বেলজিয়ামের রাজধানীর নাম কি?** [জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার : ১৭]
ⓐ বিসায়ু ⓑ বাসিলিয়া
ⓒ ব্রাসেলস ⓓ বুদাপেষ্ট **উত্তর: গ**

৩১. **স্পেনের রাজধানীর নাম কি?** [পায়রা বন্দর কর্তৃপক্ষের সহকারী সাব-ইন্সপেক্টর : ১৮]
ক সোফিয়া খ হেলসিংকি
গ বেলগ্রেড ঘ মাদ্রিদ **উত্তর: ঘ**

৩২. **পূর্ব ইউরোপের দেশ নয়-** [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (গোলাপ) : ১১]
ক রুমানিয়া খ পর্তুগাল
গ হাঙ্গেরি ঘ আলবেনিয়া **উত্তর: খ**

৩৩. **পশ্চিম ইউরোপের দেশ কোনটি?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৪-১৫]
ক হাঙ্গেরি খ ইতালি
গ আলবেনিয়া ঘ পোল্যান্ড
ব্যাখ্যা : হাঙ্গেরি ও পোল্যান্ড পূর্ব ইউরোপ এবং আলবেনিয়া ও ইতালি দক্ষিণ ইউরোপের দেশ।

৩৪. **পৃথিবীর কোন অঞ্চল 'বলকান' নামে পরিচিত?** [বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল) : ১১-১২]
ক উত্তর-পশ্চিম ইউরোপ খ দক্ষিণ-পূর্ব ইউরোপ
গ উত্তর-পশ্চিম আফ্রিকা ঘ উত্তর-পশ্চিম এশিয়া **উত্তর: খ**

৩৫. **নিচের কোন দেশটি বলকান উপদ্বীপে অবস্থিত নয়?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ক পর্তুগাল খ বসনিয়া
গ ক্রোয়েশিয়া ঘ সার্বিয়া **উত্তর: ক**

৩৬. **নিম্নের কোনটি বলকান রাষ্ট্র?** [পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি বাড়ি একটি খামার প্রকল্পের জেলা সমন্বয়কারী : ১৭]
ক সুইডেন খ বাহামা
গ বুলগেরিয়া ঘ উজবেকিস্তান **উত্তর: গ**

৩৭. **বলকান রাষ্ট্র নিচের কোনটি?** [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী : ১০]
ক ক্রোয়েশিয়া খ লাটভিয়া
গ পর্তুগাল **উত্তর: ক**

৩৮. **বলকান রাষ্ট্র নয় যেটি-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ) : ০৮-০৯]
ক রুমানিয়া খ বুলগেরিয়া
গ আলবেনিয়া ঘ বলিভিয়া **উত্তর: ঘ**

৩৯. **গ্রিসের রাজধানী কোথায়?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]
ক রোম খ এথেন্স
গ মিলান ঘ জেনেভা **উত্তর: খ**

৪০. **সারায়েভো কোন দেশের রাজধানী?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০০-০১]
ক বসনিয়া-হারজেগোভিনা খ ক্রোয়েশিয়া
গ যুগোস্লাভিয়া ঘ আলবেনিয়া **উত্তর: ক**

৪১. **ক্রোয়েশিয়ার রাজধানী কি?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট) : ১৬-১৭]
ক মিনস্ক খ নাইপিদো
গ জাগরেব ঘ ইয়েরেভান **উত্তর: গ**

৪২. **মাল্টার রাজধানী-** [ইসলামী বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]
ক অসলো খ ব্রাসিলিয়া
গ লিসবন ঘ ভ্যালেটা **উত্তর: ঘ**

৪৩. **What is the capital of Bosnia Herzegovina?/ বসনিয়া-হার্জেগোভিনার রাজধানী কোথায়?** [Sonali Bank Ltd. Officer (Cash) : 13]
ⓐ Sarajevo ⓑ Sofia
ⓒ Prague ⓓ Bon **Ans. a**

৪৪. **কসোভো যেখানে অবস্থিত-** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]
ক দক্ষিণ ইউরোপ খ পূর্ব ইউরোপ
গ দক্ষিণ-পূর্ব ইউরোপ ঘ দক্ষিণ-পশ্চিম ইউরোপ **উত্তর: ক**

৪৫. **কসোভোর রাজধানী হচ্ছে-** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ডেলটা) : ১৪/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ক প্রিস্টিনা খ তিরানা
গ বুদাপেস্ট ঘ নিকোশিয়া **উত্তর: ক**

৪৬. **প্রিস্টিনা কোন দেশের রাজধানী?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]
ক ক্রোয়েশিয়া খ কসোভো
গ মেসিডোনিয়া ঘ জর্জিয়া **উত্তর: খ**

৪৭. **রুমানিয়ার রাজধানী-** [বাংলাদেশ শিপিং কর্পোরেশনে সিনিয়র অ্যাসিস্ট্যান্ট : ১৮/ সমবায় অধিদপ্তরের প্রশাসনিক কর্মকর্তা : ৯৭]
ক বুদাপেস্ট খ বেলগ্রেড
গ সমরখন্দ ঘ বুখারেস্ট **উত্তর: ঘ**

৪৮. **বুখারেস্ট কোথায় অবস্থিত?** [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার : ০০]
ক হাঙ্গেরিতে খ আলবেনিয়ায়
গ রুমানিয়ায় ঘ ইথিওডিয়ায় **উত্তর: গ**

৪৯. **নিম্নলিখিত শহরের কোনটি আলবেনিয়ার রাজধানী?** [২৩তম বিসিএস/ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেসের স্টোরম্যান : ১৮ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]
ক বুদাপেস্ট খ প্রাগ
গ এথেন্স ঘ তিরানা **উত্তর: ঘ**

রাশিয়া

(ক) রাশিয়ান সাম্রাজ্য (১৭২১ - ১৯১৭ খ্রি.)

রাশিয়ার সম্রাটদের জার বলা হতো। রাশিয়ার প্রথম সম্রাট ছিলেন মহান পিটার দি গ্রেট। তিনি দাড়ির উপর কর বসিয়েছিলেন।

ক্রিমিয়ার যুদ্ধ : ১৮৫৩ সালে তুরস্কের নিয়ন্ত্রিত দারদানেলিস প্রণালী দিয়ে যুদ্ধ জাহাজ চলাচলের অধিকার প্রতিষ্ঠা এবং তুরস্কের খ্রিষ্টানদের রক্ষার অজুহাতে অটোমান সাম্রাজ্যের তুর্কি এলাকায় রাশিয়া আক্রমণ চালালে ক্রিমিয়া যুদ্ধ শুরু হয়। ব্রিটেন ও ফ্রান্স তুরস্কের সাহায্যে এগিয়ে আসে। ১৮৫৪ সালে মিত্রশক্তি ক্রিমিয়ায় (বর্তমানে ইউক্রেনের অংশ) অবস্থিত রাশিয়ার নৌঘাটি আক্রমণ করে। যুদ্ধে রাশিয়া পরাজিত হয়। প্যারিস চুক্তি স্বাক্ষরিত হওয়ার পর ১৮৫৬ সালে এই যুদ্ধের সমাপ্তি ঘটে।

ভারতের নাইটেঙ্গেল	সরোজিনী নাইডু
আরবের নাইটেঙ্গেল	উম্মে কুলসুম

ক্রিমিয়ার যুদ্ধে নার্সিং ইতিহাসে বৈপ্লবিক উন্নয়ন ও

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

পরিবর্তন ঘটেছিল। অপ্রতুল চিকিৎসা সেবা ও সৈন্যদের দুরবস্থার মধ্যে সেবার আলো হাতে নিয়ে পাশে এসে দাঁড়ান আধুনিক নার্সিং এর অগ্রদূত ফ্লোরেন্স নাইটিঙ্গেল। তিনি দিনের বেলা কাজ করে রাতে মোমবাতি হাতে আহতদের খোঁজ খবর নিতেন। ইতালীয় নাগরিক ফ্লোরেন্স নাইটিঙ্গেলকে 'লেডি উইথ দ্য ল্যাম্প' (The Lady with the Lamp) বলা হয়।

(খ) রুশ বিপ্লব (Russian Revolution) - ১৯১৭ খ্রি.

'রুশ বিপ্লব' ১৯১৭ সালে সংঘটিত দুইটি বিপ্লবের মিলিত নাম। যথা-

ক) ১৯১৭ সালের ফেব্রুয়ারি মাসে (গ্রেগরিয়ান বর্ষপুঞ্জী অনুযায়ী মার্চ মাস) পেট্রোগ্রাডে শ্রমিক ধর্মঘট শুরু হয়। জার দ্বিতীয় নিকোলাস বিদ্রোহ দমনে ব্যর্থ হয়ে পদত্যাগ করলে রাশিয়ায় জার শাসনের অবসান হয়। ডুমার নির্বাচিত প্রতিনিধিগণ 'অস্থায়ী রাশিয়ান সরকার' গঠন করেন।

খ) 'অস্থায়ী রাশিয়ান সরকার' জনগণের দাবি পূরণে ব্যর্থ হলে দেশে তীব্র অসন্তোষ দেখা দেয়। ১৯১৭ সালে অক্টোবর বিপ্লবের (গ্রেগরিয়ান বর্ষপুঞ্জী অনুসারে নভেম্বর) মধ্য দিয়ে ভ্লাদিমির ইলিচ লেনিনের নেতৃত্বাধীন বলশেভিক (কমিউনিস্ট) পার্টি ও শ্রমিক সোভিয়েতরা পেট্রোগ্রাদের অন্তবর্তীকালীন সরকারকে উৎখাত করে রাশিয়ান সোভিয়েত ফেডারেশন সোস্যালিস্টিক রিপাবলিক প্রতিষ্ঠা করে। ইতিহাসে এটি 'বলশেভিক বিপ্লব' নামেও পরিচিত। সাড়া জাগানো এ বিপ্লবের স্থায়িত্ব ছিল মাত্র ১০ দিন।

ভ্লাদিমির ইলিচ উলিয়ানভ লেনিন



পরিচিতি : রুশ বিপ্লবের মহান নায়ক
জন্ম : ১৮৭০ খ্রি.
মৃত্যু : ১৯২৪ খ্রি । মরদেহ মস্কোর রেড স্কোয়ারে লেলিন যাদুঘরে সংরক্ষিত আছে।
লেখালেখি : Imperialism, the Highest Stage of Capitalism (সাম্রাজ্যবাদ, পুঁজিবাদের সর্বোচ্চ পর্যায়), The Development of Capitalism in Russia (রাশিয়ায় পুঁজিবাদের বিকাশ), `Left-Wing' Communism: An Infantile Disorder (কমিউনিজমে 'বামপন্থা'র শিশু রোগ)।

(গ) রাশিয়ার গৃহযুদ্ধ (১৯১৭ - ১৯২২ খ্রি.)

রুশ বিপ্লবের পর ১৯১৮ সালের ১২ মার্চ রাশিয়ার রাজধানী পেট্রোগ্রাড হতে মস্কোয় স্থানান্তর করা হয়। রুশ বিপ্লব ও রাশিয়ার গৃহযুদ্ধের সময়কালীন বিপ্লবী রুশ বাহিনী 'রেড আর্মি' নামে খ্যাতি লাভ করে।

(ঘ) সোভিয়েত ইউনিয়ন (১৯২২ -১৯৯১ খ্রি.)

- ১৯২২ সালে বিশ্বের প্রথম সমাজতান্ত্রিক রাষ্ট্র 'সোভিয়েত ইউনিয়ন' গঠিত হয়।
- মিখাইল গর্ভাচেভ সোভিয়েত রাশিয়ার সংস্কারক। তিনি ১৯৮৫-৯১ সাল পর্যন্ত সোভিয়েত কমিউনিস্ট পার্টির সাধারণ সম্পাদক ছিলেন। তিনি ১৯৯০ - ৯১ সালে সোভিয়েত ইউনিয়নের রাষ্ট্রনায়কের দায়িত্ব পালন করেন। মিখাইল গর্ভাচেভ ছিলেন সোভিয়েত ইউনিয়নের সর্বশেষ প্রেসিডেন্ট। তিনি ছিলেন



মিখাইল গর্বাচেভ

Perestroika ও Glasnost নীতির উদ্যোক্তা। Perestroika (পেরেস্ত্রইকা) শব্দের অর্থ সংস্কার বা পুনর্গঠন। ১৯৮৭ সালে এই রাজনৈতিক ও অর্থনৈতিক সংস্কার কর্মসূচি চালু হয়। সোভিয়েত ইউনিয়ন সর্বপ্রথম অর্থনৈতিক পরিকল্পনা প্রণয়ন শুরু করে। Glasnost (গ্লাস্তনস্ত) অর্থ খোলামেলা আলোচনা। এর ফলে সাবেক সোভিয়েত ইউনিয়নের জনগণ খোলামেলাভাবে মত প্রকাশের সুযোগ পায়। তিনি অবাদে জমি কেনা-বেচার অনুমোদন দিয়ে ফরমান জারি করেছিলেন। গর্বাচেভকে উদ্দেশ্যে ব্রিটিশ প্রধানমন্ত্রী মার্গারেট থ্যাচার বলেছিলেন, "আমি গর্বাচেভকে পছন্দ করি। আমরা একসঙ্গে কাজ করতে পারি।"

- ১৯৯১ সালের ২৬ ডিসেম্বর আনুষ্ঠানিকভাবে সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে ১৫টি রাষ্ট্র গঠিত হয়। যথা- রাশিয়া (রুশ ফেডারেশন), মালদোভা, বেলারুশ, আজারবাইজান, আর্মেনিয়া, কাজাকিস্তান, উজবেকিস্তান, তুর্কমেনিস্তান, তাজাকিস্তান, কিরঘিজস্তান, ইউক্রেন, এস্তোনিয়া, লিথুয়ানিয়া, লাটভিয়া এবং জর্জিয়া।



প্রাক্তন সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে যে দেশগুলো আত্মপ্রকাশ করে

Common Wealth of Independent States (CIS)

প্রতিষ্ঠাকাল	৮ ডিসেম্বর, ১৯৯১			
সদর দপ্তর	মিনস্ক, বেলারুশ			
সদস্য	প্রাক্তন সোভিয়েত ইউনিয়নের দেশসমূহ।			
	পূর্ণ সদস্য ৯টি	• রাশিয়া • আজারবাইজান • উজবেকিস্তান	• মালদাভিয়া • আর্মেনিয়া • তাজাকিস্তান	• বেলারুশ • কাজাকিস্তান • কিরঘিজস্তান
	সহযোগী সদস্য- ১টি	তুর্কমেনিস্তান		

(ঙ) রুশ ফেডারেশন (১৯৯১- বর্তমান)

- চেচনিয়া ককেশাস অঞ্চলে অবস্থিত মুসলিম অধ্যুষিত অঞ্চল। সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে যাওয়ার পর অঞ্চলটি স্বাধীনতা ঘোষণা করে। প্রথম চেচেন যুদ্ধের (১৯৯৪-১৯৯৬) পর এ অঞ্চলটি মূলত স্বাধীন হয়ে পড়ে। দ্বিতীয় চেচেন যুদ্ধের (১৯৯৯-২০০০ খ্রি.) পর রাশিয়া এ অঞ্চলে কর্তৃত্ব প্রতিষ্ঠায় সক্ষম হয়।

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

MCQ Solution

১. **মহান পিটার যে দেশের শাসক ছিলেন?** [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৮-০৯]
ক অস্ট্রিয়া খ রাশিয়া
গ প্রুশিয়া ঘ ডেনমার্ক **উত্তর: খ**

২. **'লেডি উইথ দ্য ল্যাম্প' হিসেবে পরিচিত কে? (Who is known as 'The lady with the lamp'?)** [34th BCS / নার্সিং ও মিডওয়াইফ অধিদপ্তরের মিডওয়াইফ : ১৭ / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৫-১৬/ EXIM Bank Ltd. Assistant Officer : 10/ Sadharan Bima Corporation Junior Officer : 09]
ⓐ Florence Nightingale ⓑ Hillary Clinton
ⓒ Begum Rokeya ⓓ Indira Gandhi
ⓔ None of these **Ans. a**

৩. **ফ্লোরেন্স নাইটিঙ্গেল কোন দেশে জন্মগ্রহণ করেছিলেন?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৩-১৪]
ক জাপান খ রাশিয়া
গ ইতালি ঘ স্পেন **উত্তর: গ**

৪. **'ফ্লোরেন্স নাইটিঙ্গেল' নামটি কোন যুদ্ধের সাথে জড়িত?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড -এর সহকারী পরিচালক (প্রশাসন) : ১৬]
ক ওয়াটার লু'র যুদ্ধ খ আমেরিকার গৃহযুদ্ধ
গ ফরাসি বিপ্লব ঘ ক্রিমিয়ার যুদ্ধ **উত্তর: ঘ**

৫. **'আরবের নাইটিঙ্গেল' বলা হয় –** [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট): ০৬-০৭ / তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক গ্রেড-২ : ০৩]
ক উম্মে হাফিজা খ উম্মে কুলসুম
গ উম্মে সাদিয়া ঘ উম্মে মারিয়ম **উত্তর: খ**

৬. **রাশিয়ায় জারতন্ত্রের অবসান ঘটে কবে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৯-১০]
ক ১৯১৫ খ্রিস্টাব্দে খ ১৯১৭ খ্রিস্টাব্দে
গ ১৯২০ খ্রিস্টাব্দে ঘ ১৯২৭ খ্রিস্টাব্দে **উত্তর: খ**

৭. **লেলিনের নেতৃত্বে রুশ বিপ্লব সংঘটিত হয়েছিল?** [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৭/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ) : ০৫-০৬/ আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৪]
ক ১৯১৫ সালে খ ১৯১৬ সালে
গ ১৯১৭ সালে ঘ ১৯১৮ সালে **উত্তর: গ**

৮. **যে বছর রাশিয়ায় বলশেভিক বিপ্লব সংঘটিত হয়-** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ক ১৯১৬ খ ১৯১৭
গ ১৯৪৯ ঘ ১৯৬২ **উত্তর: খ**

৯. **রাশিয়ার সমাজতান্ত্রিক বিপ্লব সংঘটিত হয় কত সালে?** [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী : ১৩]
ক ১৯১৭ সালে খ ১৯১৮ সালে
গ ১৮১৭ সালে ঘ ১৯২০ সালে **উত্তর: ক**

১০. **রুশ বিপ্লবে নেতৃত্বদানকারী দল-** [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪-১৫]
ক নাৎসী পার্টি খ বলশেভিক পার্টি
গ মিনশেভিক পার্টি ঘ কমিউনিষ্ট পার্টি **উত্তর: খ**

১১. **অক্টোবর সমাজতান্ত্রিক বিপ্লব কত খ্রিস্টাব্দে সংঘটিত হয়?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৭-১৮]
ক ১৯১৭ খ্রিস্টাব্দে খ ১৮৫৭ খ্রিস্টাব্দে
গ ১৮৪৯ খ্রিস্টাব্দে ঘ ১৭৫৭ খ্রিস্টাব্দে **উত্তর: ক**

১২. **'অক্টোবর বিপ্লব' কোন দেশে সংঘটিত হয়েছিল?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০-১১]
ক জার্মানি খ ফ্রান্স
গ রাশিয়া ঘ যুক্তরাষ্ট্র **উত্তর: গ**

১৩. **অক্টোবর বিপ্লবের নেতৃত্ব দিয়েছেন -** [৩৮তম বিসিএস]
ক কার্ল মার্কস খ ফ্রেডরিক এঙ্গেলস
গ ভি. আই. লেনিন ঘ মাও সে তুং **উত্তর: গ**

১৪. **'October Revolution' এর সাথে কার নাম জড়িত?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট বিজোড়) : ১৩-১৪]
ক কাল মার্ক্স খ এঙ্গেলস
গ ভি আই লেলিন ঘ মাও সে তুং **উত্তর: গ**

১৫. **"Imperialism, the Highest Stage of Capitalism" বইটি কার লেখা?** [৩৮তম বিসিএস/ বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
ক টমাস হবসন খ ভি. আই লেলিন
গ কার্ল মার্কস ঘ এন্টিনিও গ্রামসি **উত্তর: খ**

১৬. **কোন ঘটনাটি আগে ঘটেছিল?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৪-০৫]
ক রাশিয়ার বলশেভিক বিপ্লব খ ভারতের স্বাধীনতা লাভ
গ জাতিসংঘের জন্ম ঘ দ্বিতীয় মহাযুদ্ধ **উত্তর: ক**
ব্যাখ্যা : রাশিয়ার বলশেভিক বিপ্লব (১৯১৭ খ্রি.), ভারতের স্বাধীনতা লাভ (১৯৪৭ খ্রি:), জাতিসংঘের জন্ম (১৯৪৫ খ্রি.), দ্বিতীয় বিশ্বযুদ্ধ (১৯৩৯-৪৫ খ্রি.)।

১৭. **Which world famous leader's body is still preserved, not yet buried and displayed in Public?/ কোন বিশ্বখ্যাত নেতার মরদেহ এখনও সংরক্ষণ করা আছে - দাফন করা হয় নি এবং তা জনসম্মুখে প্রদর্শিত হয়?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট : সেট-২) : ১৫-১৬/ Southeast Bank Officer : 09]
ⓐ Lenin ⓑ Stalin
ⓒ Karl Marx ⓓ Dally
ⓔ None of these **Ans. a**

১৮. **কোন বিখ্যাত নেতার মরদেহ এখনো সংরক্ষণ করা আছে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৭-১৮]
ক কার্ল মার্ক্স খ উড্রো উইলসন
গ হো চি মিন ঘ ভ্লাদিমির ইলিচ লেনিন **উত্তর: ঘ**

১৯. **১৯১৮ সালের পূর্বে রাশিয়ার রাজধানী কোথায় ছিল?** [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]
ⓐ সুরগুভ ⓑ কোটলাস
ⓒ পেট্রোগ্রাড ⓓ ভলগাদা
ⓔ কিউবা **Ans. c**

২০. **পৃথিবীর প্রথম সমাজতান্ত্রিক দেশের নাম কী?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ০৮-০৯]
ক ভিয়েতনাম খ সোভিয়েত রাশিয়া
গ ফ্রান্স ঘ চীন **উত্তর: খ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

২১. সাবেক সোভিয়েত ইউনিয়নে গর্ভাচেভ ক্ষমতাসীন হয়েছিলেন? [দুর্নীতি দমন পরিদর্শক : ০৪]
ক ১৯৮৫ সালে খ ১৯৮৬ সালে
গ ১৯৮৭ সালে ঘ ১৯৯০ সালে **উত্তর: ক**

২২. রাশিয়ার কোন প্রেসিডেন্ট দেশে অবাদে জমি কেনা-বেচার অনুমোদন দিয়ে ফরমান জারি করেছিলেন? [গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৬]
ক ক্রুশ্চেভ খ ব্রেজনেভ
গ গর্বাচেভ ঘ বরিস ইয়েলৎসিন **উত্তর: গ**

২৩. 'গ্লাসনস্ত'-এর অর্থ কি? [১৪তম বিসিএস/ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (PSC) - এর সহকারী পরিচালক : ০৬]
ক সমাজতন্ত্রের সংগঠন খ সমাজতন্ত্র ও গণতন্ত্রের মধ্যে সামঞ্জস্য বিধান
গ খোলামেলা আলোচনা ঘ সমাজতন্ত্রের পরিবর্তে গণতন্ত্র প্রতিষ্ঠান **উত্তর: গ**

২৪. 'গ্লাসনস্তনীতি' কোন দেশে চালু হয়েছিল? [৩৫তম বিসিএস]
ক চীন খ সাবেক সোভিয়েত ইউনিয়ন
গ হাঙ্গেরি ঘ পোল্যান্ড **উত্তর: খ**

২৫. কার নেতৃত্বে গ্লাসনস্ত বাস্তবায়িত হয়? [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট; সেট-চীন): ০৮-০৯]
ক মিখাইল গর্বাচেভ খ লেনিন
গ স্টালিন ঘ ব্রেজনেভ **উত্তর: ক**

২৬. পেরেস্ত্রয়কা এর উদ্ভাবক কে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ৯৭-৯৮]
ক প্রেসিডেন্ট ক্লিনটন খ প্রেসিডেন্ট বুশ
গ মিখাইল গর্বাচেভ ঘ বরিস ইয়েলৎশিন **উত্তর: গ**

২৭. কার নেতৃত্বে পেরেস্ত্রইকা বাস্তবায়িত হয়? [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ক ভাদিমির পুতিন খ গর্বাচেভ
গ স্টালিন ঘ ইয়ালৎসিন **উত্তর: খ**

২৮. **Perestroika-** [IFIC Bank Ltd. Probationary Officer : 92]
ⓐ A famous Soviet economist who influenced the economic thoughts of Lenin
ⓑ A program for restructuring the Soviet economic & political system initiated by Gorbachev
ⓒ Open door policy followed by China after Mao
ⓓ The policy of detente followed by Russia during Stalin era **Ans.** b

২৯. '৫০০ দিনের প্লান' বলতে বুঝায় যে, এই সময়ের মধ্যে - [দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক : ৯২]
ক ওয়ারশ জোট ভেঙ্গে দেয়ার প্রকল্প সম্পন্ন করা
খ রুমানিয়াতে গণতান্ত্রিক প্রথা প্রচলন করা
গ রাশিয়ার প্রস্তাবিত বাজার অর্থনীতি চালু করা
ঘ পূর্ব জার্মানি থেকে সোভিয়েত সৈন্য প্রত্যাহার সম্পন্ন করা **উত্তর: গ**

৩০. সর্বপ্রথম অর্থনৈতিক পরিকল্পনা প্রণয়ন করে কোন দেশ? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ৭ ইউনিট) : ১৩-১৪]
ক সোভিয়েত ইউনিয়ন খ যুক্তরাজ্য
গ চীন ঘ যুক্তরাষ্ট্র **উত্তর: ক**

৩১. পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনার প্রবর্তক দেশ কোনটি? [সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা : ১৬]
ক যুক্তরাষ্ট্র খ যুক্তরাজ্য
গ রাশিয়া ঘ জার্মানি **উত্তর: গ**

৩২. কার সম্বন্ধে মার্গারেট থ্যাচার উক্তি করেন যে, "এই লোকের সাথে আমরা কাজ করতে পারি?" [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩-১৪]
ক হেনরি কিসিঞ্জার খ চৌ এন লাই
গ নিকিতা ক্রুসচভ ঘ মিখাইল গর্ভাচেভ **উত্তর: ঘ**

৩৩. **How many countries did the Soviet Union split into?** [Bangladesh Krishi Bank Officer : 12]
Or,
সাবেক সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে কয়টি রাষ্ট্র গঠন করা হয়েছিল? [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক : ০৪]
ⓐ 12 ⓑ 13
ⓒ 14 ⓓ 15 **Ans.** d

৩৪. **Soviet Union was formally ceased to exit in-** [National Bank Ltd. Probationary Officer : 14]
Or,
আনুষ্ঠানিকভাবে সোভিয়েত ইউনিয়ন কত সালে বিলুপ্ত করা হয়? [সমাজসেবা অফিসার : ০৬]
ⓐ 1990 ⓑ 1992
ⓒ 1991 ⓓ 1994 **Ans:** c

৩৫. সাবেক সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে ১৫টি রাষ্ট্র গঠিত হয়-[জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১৫]
ক ১৯৯০ সনে খ ১৯৯১ সনে
গ ১৯৯৩ সনে ঘ ১৯৯৭ সনে **উত্তর: খ**

৩৬. ইউক্রেন কবে স্বাধীন হয়? [ইসলামী বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৫-১৬]
ক ১৯৮৭ সালে খ ১৯৯২ সালে
গ ১৯৯১ সালে ঘ ১৯৮৬ সালে **উত্তর: গ**

৩৭. **CIS এর পূর্ণ রূপ কী?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১২-১৩]
ⓐ Commonwealth of Independent States
ⓑ Commonwealth of Independent Societies
ⓒ Commonwealth of Intelligence Services
ⓓ Central Intelligence Services **Ans.** a

৩৮. সিআইএস (CIS)-এর সদর দপ্তর- [পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়ে সহকারী সচিব : ০৫]
ক মস্কোতে খ বাকুতে
গ মিনস্কে ঘ দুশানবে **উত্তর: গ**

৩৯. কমনওয়েলথ অব ইন্ডিপেন্ডেন্ট স্টেটস গঠিত হয়েছে - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ) : ০৯ - ১০]
ক সাবেক ব্রিটিশ কলোনিসমূহ নিয়ে
খ ল্যাটিন আমেরিকার দেশগুলো নিয়ে
গ এশিয়া ও আফ্রিকার জাতি-রাষ্ট্র এর সমন্বয়ে
ঘ সেভিয়েত ইউনিয়ন ভেঙে স্বাধীনতাপ্রাপ্ত রাষ্ট্রসমূহ নিয়ে **উত্তর: ঘ**

৪০. CIS বা কমনওয়েলথ অব ইন্ডিপেন্ডেন্ট স্টেটস-এর সদস্য সংখ্যা- [পিএসসি সহকারী পরিচালক : ৯৮]
ক ১৪ খ ১২
গ ১১ ঘ ১০ **উত্তর:**
ব্যাখ্যা: সঠিক উত্তর হবে ৯।

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৪১. কোন দেশটি কমনওয়েলথ অফ ইনডিপেনডেন্ট স্টেটস (CIS) এর সদস্য রাষ্ট্র? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪]
ক পোল্যান্ড খ চীন
গ বেলারুশ ঘ জার্মানি উত্তর: গ

৪২. নিচের কোন দেশটি CIS or Commomwealth of Independent States- এর সদস্য নয়? [শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক : ০৬]
ক আর্মেনিয়া খ তাজাকিস্তান
গ উজবেকিস্তান ঘ আফগানিস্তান উত্তর: ঘ

৪৩. কোন সালে রাশিয়া প্রতিবেশী জর্জিয়ায় সামরিক অভিযান চালায়? [জাবি (গ ইউনিট) : ১০-১১]
ক ২০০৫ খ ২০০০
গ ২০০৮ ঘ ২০০৬ উত্তর: গ

৪৪. রাশিয়ার কোন অংশে চেচনিয়া অবস্থিত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]
ক সাইবেরিয়ায় খ তাতারিস্তানে
গ কাস্পিয়ানে ঘ ককেশাসে উত্তর: ঘ

৪৫. স্বাধীনতাকামী বিচ্ছিন্নতাবাদী চেচনিয়ার বিরুদ্ধে রাশিয়া সামরিক অভিযান শুরু করে - [শ্রম অধিদপ্তরে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপসহকারী পরিচালক (শ্রম) : ০১]
ক ১৯৯৭ সালে খ ১৯৯৫ সালে
গ ১৯৯১ সালে ঘ ১৯৯৪ সালে উত্তর: ঘ

৪৬. সম্প্রতি ক্রিমিয়া যুক্ত হয়েছে- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ১) : ১৫-১৬]
ক মলদোভার সাথে খ ইউক্রেনের সাথে
গ রাশিয়ার সাথে ঘ পোল্যান্ডের সাথে উত্তর: গ

৪৭. ভ্লাদিমির পুতিন কে? [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]
ক রাশিয়ার প্রধানমন্ত্রী খ রাশিয়ার প্রেসিডেন্ট
গ রাশিয়ার ঔপন্যাসিক ঘ ইতালির প্রধানমন্ত্রী উত্তর: খ

৪৮. 'ক্রেমলিন' কোথায় অবস্থিত? [প্রধানমন্ত্রীর কার্যালয়ে পার্সোনাল অফিসার : ০৪]
ক বেইজিং খ মস্কো
গ লন্ডন ঘ নিউইয়র্ক উত্তর: খ

৪৯. কোন দেশের সাথে আর্কটিকের বৃহত্তম সীমান্ত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০-১১]
ক আমেরিকা খ নরওয়ে
গ কানাডা ঘ রাশিয়া উত্তর: ঘ

ইউক্রেন

রাজনৈতিক পরিক্রমা

Orange Revolution (অরেঞ্জ বিপ্লব) : ২০০৪ সালে ইউক্রেনের প্রেসিডেন্ট নির্বাচনে ব্যাপক অনিয়ম এবং ভোট কারচুপি হয়। এর পরিপ্রেক্ষিতে ২০০৪ সালের নভেম্বর থেকে ২০০৫ সালের জানুয়ারি পর্যন্ত ইউক্রেনে সংঘটিত রাজনৈতিক আন্দোলন 'অরেঞ্জ বিপ্লব' নামে পরিচিত।

MCQ Solution

১. "অরেঞ্জ রেভুলেশন" কোথায় সংঘটিত হয়েছে? [খুলনা বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট): ১৭-১৮]
Or,
In which of the following countries did the '*Orange Revolution*' take place? [Jamuna Bank Ltd. MTO : 13]
ⓐ Ukraine ⓑ France
ⓒ England ⓓ Thailand
ⓔ None of these **Ans.** a

সুইজারল্যান্ড

ওয়াটার লু'র যুদ্ধ (১৮১৫ খ্রি.) এর দুই সপ্তাহ পর সুইস আর্মি ফ্রান্সে আগ্রাসন চালায়। ১৮১৫ সালের পর থেকে অদ্যবধি অন্য কোনো দেশের বিরুদ্ধে যুদ্ধ করেনি।

MCQ Solution

১. **Which country has not fought in a war since 1815?/ কোন দেশটি ১৮১৫ সাল থেকে অদ্যবধি কোন যুদ্ধ করেনি?** [General Insurance Officer : 06]
ⓐ Japan ⓑ Norway
ⓒ Switzerland ⓓ Sweden
ⓔ Finland **Ans.** c

২. আন্তর্জাতিক ক্ষেত্রে সুইজারল্যান্ডের মর্যাদা কী? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ৯৯-০০]
ক জোট নিরপেক্ষ খ নিরপেক্ষ
গ নিরপেক্ষতা ঘ পশ্চিমের মিত্র উত্তর: গ

ইতালি

রাজনৈতিক পরিক্রমা



বেনিটো মুসোলিনী ইতালির ৪০তম প্রধানমন্ত্রী ছিলেন। তিনি দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ইতালির প্রধানমন্ত্রী ছিলেন। তার রাজনৈতিক দলের নাম ছিল National Fascist Party। তিনি ছিলেন ফ্যাসিজমের প্রবর্তক। তিনি বিশ্বাস করতেন, "এককালীন শান্তি সম্ভব নয়, সঙ্গতও নয়।"

MCQ Solution

১. মুসোলিনি কোন দেশে জন্মগ্রহণ করেন? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট - সেট ২) : ১৩-১৪]
ক ইতালি খ ফ্রান্স
গ স্পেন ঘ ইংল্যান্ড উত্তর: ক

২. বেনিটো মুসোলিনি কোন দেশের নেতা ছিলেন? [প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৪]
ক ফ্রান্স খ ব্রিটেন
গ ইতালি ঘ পর্তুগাল উত্তর: গ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

৩. **'ফ্যাসিজম' এর প্রবর্তক কে?** [বিটিভি-এর সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭]

ক গর্বাচেভ খ মুসোলিনি
গ হিটলার ঘ মাও সে তুং

উত্তর: খ

জার্মানি

ক) জার্মান সাম্রাজ্য (১৮৭১-১৯১৮ খ্রি.)

জার্মান (ও অস্ট্রিয়ান) সাম্রাজ্যের সম্রাটদের 'কাইজার' বলা হত। শেষ জার্মান সম্রাট ছিলেন দ্বিতীয় উইলহেইম।

অটোভন বিসমার্ক ছিলেন প্রথম জার্মান চ্যান্সেলর (মেয়াদ : ১৮৭১- ৯০ খ্রি.)। তিনি আধুনিক জার্মানির প্রতিষ্ঠাতা। বিসমার্কের অমর উক্তি "What we learn from History is that no one learns from History (এটাও ইতিহাসের শিক্ষা যে, কেউই ইতিহাস থেকে শিক্ষা নেয় না)"। তাঁকে Man of Blood and iron বলা হয়।

খ) ভাইমার প্রজাতন্ত্র (১৯১৮ -১৯৩৩ খ্রি.)

গ) নাৎসি জার্মানি (১৯৩৩ -১৯৪৫ খ্রি.)



এডলফ হিটলার ১৯৩৩ থেকে ১৯৪৫ সাল পর্যন্ত জার্মানির চ্যান্সেলর ছিলেন। হিটলার ১৮৮৯ সালে অস্ট্রিয়ায় জন্মগ্রহণ করেন। তিনি National Socialist German Worker's Party সংক্ষেপে নাৎসি পার্টির (Nazi Party) নেতা ছিলেন। তার আত্মজীবনীমূলক গ্রন্থ *Mein Kampf* (মেইন ক্যাম্প)। ১৯৩৩ সালে তিনি গোপন পুলিশ বাহিনী *Gestapo* (গেস্টাপো) গঠন করেন। তিনি বিশ্বাস করতেন, 'যুদ্ধই জীবন যুদ্ধই সার্বজনীন'। হিটলারের উগ্র জাতীয়তাবাদ নীতির জন্য দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়। ১৯৪৫ সালের ৩০ এপ্রিল বার্লিনের ফুয়েরার বাঙ্কারে সস্ত্রীক আত্মহত্যা করেন।

ঘ) পূর্ব ও পশ্চিম জার্মানি (১৯৪৫ -১৯৯০ খ্রি.)

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর জার্মানিকে বিভক্ত করে পূর্ব এবং পশ্চিম জার্মানি গঠন করা হয়। পূর্ব জার্মানিতে সমাজতান্ত্রিক ব্যবস্থা (Communism) এবং পশ্চিম জার্মানিতে পুঁজিবাদী ব্যবস্থা (Capitalism) চালু করা হয়। পশ্চিম জার্মানির পুঁজিবাদের ধাক্কা যেন কমিউনিস্ট শাসিত পূর্ব জার্মানিতে না লাগে, সেজন্য পূর্ব জার্মানির কমিউনিস্ট শাসকেরা ১৯৬১ সালে বার্লিন শহরের মাঝ দিয়ে তৈরি করে ১৫৫ কি.মি. দীর্ঘ কংক্রিটের প্রাচীর। ১৯৮৯ সালের ৯ নভেম্বর এই বিভেদ প্রাচীরের পতন ঘটে।

ঙ) জার্মানি (১৯৯০ - বর্তমান)

১৯৯০ সালের ৩ অক্টোবর (মধ্যরাতে) দুই জার্মানি একীভূত হয়। একই বছর ২ ডিসেম্বর যুক্ত জার্মানির প্রথম নির্বাচন কবে অনুষ্ঠিত হয়। জার্মানির প্রথম মহিলা চ্যান্সেলর অ্যাঞ্জেলা মার্কেল। তিনি ২০০৫ সালে চ্যান্সেলর নির্বাচিত হন।

MCQ Solution

১. **'কাইজার' কোন দেশের প্রাচীন রাজাদের বলা হয়?** [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]

ক জাপান খ চীন
গ জার্মানি ঘ ইরাক

উত্তর: গ

২. **বিসমার্ক কে ছিলেন?** [থানা নির্বাচন অফিসার : ০৪]

ক ফ্রান্সের প্রেসিডেন্ট খ জার্মানির চ্যান্সেলর
গ ইংল্যান্ডের প্রধানমন্ত্রী ঘ অস্ট্রিয়ার প্রধানমন্ত্রী

উত্তর: খ

৩. **বিসমার্ক যে জন্য বিখ্যাত -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি৩ ইউনিট - সেট ১) : ১৫-১৬]

ক ইতালির ঐক্যকরণ খ জার্মানির ঐক্যকরণ
গ সুয়েজ খাল খনন ঘ সংবিধান প্রণয়ন

উত্তর: খ

৪. **"এটাও ইতিহাসের শিক্ষা যে, কেউই ইতিহাস থেকে শিক্ষা নেয় না-" বলেছিলেন** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০-১১]

ক উইনস্টোন চার্চিল খ নেপোলিয়ান বোনাপোর্ট
গ বিসমার্ক ঘ কার্ল মার্কস

উত্তর: গ

৫. **'Man of blood and iron' কাকে বলা হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১২-১৩]

ক অটোমান বিসমার্ককে খ মহাত্মা গান্ধীকে
গ হিটলারকে ঘ লেলিনকে

উত্তর: ক

৬. **What is the birth place of Hitler?** [Sadharan Bima Corporation Asst manager : 09]

Or,

কোন দেশে এডলফ হিটলার জন্মগ্রহণ করেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১-১২/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৫-০৬]

ⓐ Austria ⓑ Prussia
ⓒ Germany ⓓ Poland
ⓔ None of these

Ans. a

৭. **হিটলারের দলের নাম–** [মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক এর অধীনে 'অধীক্ষক' : ৯৮/ সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক : ৯৭]

ক জাতীয় সমাজতান্ত্রিক দল খ সমাজতান্ত্রিক দল
গ জাতীয়তাবাদী দল ঘ জার্মান ফ্যাসীবাদী দল

উত্তর: ঘ

৮. **কোন সালে হিটলার জার্মান চ্যান্সেলর নিযুক্ত হন?** [৩৯তম বিসিএস (বিশেষ)]

ক ১৯৩৪ খ ১৯৩১
গ ১৯৩২ ঘ ১৯৩৩

উত্তর: ঘ

৯. **১৯৩৩ সালে জার্মানিতে ক্ষমতায় আসা হিটলারের দলের নাম ছিল-** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি-৭ ইউনিট) : ১৫-১৬]

ক লেবার পার্টি খ নাৎসি পার্টি
গ কংগ্রেস পার্টি ঘ ডেমোক্রেটিক পার্টি

উত্তর: খ

১০. **"এক জাতি, এক রাষ্ট্র, এক নেতা"- এটা কার নীতি ছিল?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৭-১৮]

ক স্ট্যালিন খ লেনিন
গ হিটলার ঘ মুসোলিনী

উত্তর: গ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

১১. **'*Mein-Kampf*' author-** [Islami Bank Bangladesh Ltd. Probationary Officer : 10]

Or,

'মেইন ক্যাম্প' এর লেখক-? [বাংলাদেশ রেলওয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ১৬/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]

ⓐ Churchill ⓑ Homer
ⓒ Shakespeare ⓓ Hitler **Ans.** d

১২. **Mein-Kampf- কে বলা হয়–** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৭-১৮]

ⓚ ফ্যাসিবাদের বাইবেল ⓚ গণতন্ত্রের বাইবেল
ⓖ নাৎসীবাদের বাইবেল ⓖ পুঁজিবাদের বাইবেল **উত্তর: গ**

১৩. **"যুদ্ধই জীবন যুদ্ধই সার্বজনীন"- এটি কার উক্তি?** [২০তম বিসিএস/ কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বি- ইউনিট) : ১৩-১৪/ প্রাক- প্রাথমিক সহকারী শিক্ষক (যমুনা) : ১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (রাজশাহী বিভাগ) : ০৩]

ⓚ সালজার ⓚ ফ্রাঙ্স
ⓖ হিটলার ⓖ মুসোলিনী **উত্তর: গ**

১৪. **হিটলারের গোপন পুলিশ বাহিনীর নাম কি ছিল?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১১-১২/ উপজেলা ও থানা শিক্ষা অফিসার : ০৫/ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার : ৯৩]

ⓚ ফুয়েরার ⓚ সি.আই.এ
ⓖ কে.জি.বি ⓖ গেস্টাপো **উত্তর: ঘ**

১৫. **বার্লিনের দেওয়াল (Barlin Wall) কোন সালে নির্মিত হয়েছিল?** [১৬তম বিসিএস/ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন) : ১৩/ আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল এ্যাডজুটেন্ট : ০৫]

ⓚ ১৯৪৬ ⓚ ১৯৪৮
ⓖ ১৯৬১ ⓖ ১৯৬২ **উত্তর: গ**

১৬. **জার্মানির ঐতিহাসিক 'বার্লিন দেয়ার' তৈরি করা হয় কখন?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি৩ ইউনিট - সেট ১) : ১৫-১৬ / সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ০৩]

ⓚ ১৯৪৯ সালের ২৩ মে ⓚ ১৯৬১ সালের ১৩ আগস্ট
ⓖ ১৯৬২ সালের ১২ ফেব্রুয়ারি ⓖ ১৯৬৩ সালের ৩ জুন **উত্তর: খ**

১৭. **বার্লিন প্রাচীর তৈরি করেছিল-** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ০৫/ পরিকল্পনা মন্ত্রণালয় ডাটা প্রসেসিং অপারেটর : ০২]

ⓚ সাবেক পূর্ব জার্মানি ⓚ সাবেক পশ্চিম জার্মানি
ⓖ দুই জার্মানি একত্রে ⓖ রাশিয়া **উত্তর: ক**

১৮. **বার্লিন প্রাচীর ভেঙ্গে ফেলা হয় কবে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি৩ ইউনিট - সেট ১) : ১৫-১৬/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩-১৪/ কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বি- ইউনিট) : ১৩-১৪/ ইসলামী ব্যাংকের সহকারী অফিসার (গ্রেড-৩) : ০৮]

Or,

When was Berlin Wall demolished? [Janata Bank Ltd. Assistant Executive Officer : 15/ Sadharan Bima Corporation Assistant manager : 09]

ⓚ ১৯৯৮ সালের ২২ ফেব্রুয়ারি ⓚ ১৯৮৯ সালের ৯ নভেম্বর
ⓖ ১৯৮৯ সালের ১৯ নভেম্বর ⓖ ১৯৯৮ সালের ৯ নভেম্বর **উত্তর: খ**

১৯. **আনুষ্ঠানিকভাবে দুই জার্মানি একত্রিত হয় -** [১৩তম বিসিএস/ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ১৫ / ইসলামী ব্যাংকের সহকারী অফিসার (গ্রেড-৩) : ০৮/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ৯৭-৯৮]

ⓚ ২ অক্টোবর, ১৯৯০ ⓚ ৩ অক্টোবর, ১৯৯০
ⓖ ৪ নভেম্বর, ১৯৯০ ⓖ ৫ ডিসেম্বর, ১৯৯০ **উত্তর: খ**

২০. **East and west Germany were unified in the year-** [Bangladesh krishi Bank Officer : 07/ IFIC Bank Ltd. Proationary Officer : 96]

Or,

পূর্ব ও পশ্চিম জার্মানি কোন সালে একীভূত হয়? [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬/ নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার : ০৪]

ⓐ 1980 ⓑ 1970 ⓒ 1990
ⓓ 1960 ⓔ 1950 **Ans.** c

২১. **পূর্ব জার্মানি রাষ্ট্রের অবলুপ্তি ঘোষিত হয় কত সালে?** [সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার : ০৬/ মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনে উপজেলা কর্মকর্তা : ০৫]

ⓚ ১৯৮৭ ⓚ ১৯৯০
ⓖ ১৯৯১ ⓖ ১৯৯২ **উত্তর: খ**

২২. **যুক্ত জার্মানির প্রথম নির্বাচন কবে অনুষ্ঠিত হয়েছিল?** [তথ্য মন্ত্রণালয়ের তথ্য অফিসার : ০৫]

ⓚ ১৫ জুলাই, ১৯৮৯ ⓚ ২০ ফেব্রুয়ারি, ১৯৯০
ⓖ ২ ডিসেম্বর, ১৯৯০ ⓖ ৩০ জানুয়ারি, ১৯৯১ **উত্তর: গ**

২৩. **জার্মানির প্রথম মহিলা চ্যান্সেলর কে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজবিজ্ঞান) : ০৫-০৬]

ⓚ মাইকেল অ্যাঞ্জেলা ⓚ অ্যাঞ্জেলা মার্কেল
ⓖ মাইকেল গ্রিফিন ⓖ পল উলফোভিৎস **উত্তর: খ**

ফ্রান্স

(ক) মধ্যযুগ (৫ম - পঞ্চদশ শতাব্দী)

- মধ্যযুগে ফ্রান্সে রাজতন্ত্রের প্রভাব খর্ব হলে নবম শতকে স্থানীয় শাসনভিত্তিক সামন্তবাদ (Feudalism) এর উত্থান ঘটে।
- ইংল্যান্ডের রাজা তৃতীয় এডওয়ার্ড ফ্রান্সের সিংহাসন দাবি করলে শতবর্ষব্যাপী যুদ্ধ (১৩৩৭ - ১৪৫৩ খ্রি.) শুরু হয়। যুদ্ধে ফ্রান্সের রাজা প্রথমে পরাজিত হয়ে পলায়ন করে। পরবর্তীতে ফরাসি বীর কন্যা জোয়ান অব আর্কের বীরত্বের মাধ্যমে ফ্রান্স ইংল্যান্ডকে পরাজিত করতে সক্ষম হয়।

(খ) আধুনিকযুগের সূচনা (পঞ্চদশ শতাব্দী - ১৭৮৯ খ্রি)

(গ) ফরাসি বিপ্লব (১৭৮৯ - ১৭৯৯ খ্রি.)

ফরাসি বিপ্লব ছিল তদানীন্তন ফ্রান্সের শত শত বছর ধরে নির্যাতিত ও বঞ্চিত তৃতীয় শ্রেণী বা সাধারণ মানুষের পুঞ্জিভূত ক্ষোভের বহিঃপ্রকাশ। অষ্টাদশ শতকে ফ্রান্সের সমাজ ব্যবস্থা তিন শ্রেণীতে বিভক্ত ছিল। যথা- যাজক শ্রেণী, অভিজাত শ্রেণী ও তৃতীয় শ্রেণী। বুর্জোয়া, মধ্যবিত্ত, শ্রমিক, কৃষক, দিনমজুর প্রভৃতি সকলেই ছিল তৃতীয় শ্রেণীর অন্তর্গত। তৃতীয় শ্রেণীকে তাই অধিকারহীন শ্রেণী বলা হতো। রাজার কর আদায়ের একমাত্র উৎস ছিল তৃতীয় শ্রেণীর জনগণ। করের যোগান দিতে গিয়ে তৃতীয় শ্রেণীর জনগণ নাভিশ্বাস হয়ে পড়ে। অন্যদিকে ফ্রান্সের তৎকালীন রাজা ষোড়শ লুই (শাসনামল : ১৭৭৪ - ১৭৯২ খ্রি.) ও তাঁর পরিবারের সদস্যরা অমিতব্যয়ী বিলাসী জীবনযাপন করত। ফলে তৃতীয় শ্রেণীর জনগণ ক্ষোভে ফেটে পড়ে।

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

ফরাসি বিপ্লবের উল্লেখযোগ্য মাইলফলকগুলো নিম্নরূপ- -

১৭৮৯ ফ্রান্সের ভার্সাই শহরে ফরাসি বিপ্লবের অগ্রনায়ক ক্লাব 'জেকোবিন' যাত্রা শুরু করে। ম্যাক্সিমিলান রোব্‌সপীয়র ছিলেন জকোবিনের প্রতিষ্ঠাতা। শুরুতে উদারমনা থাকলেও পরবর্তীতে ত্রাসের রাজত্ব কায়েম করার জন্য ক্লাবটি বিশেষভাবে সমালোচিত হয়।

(১৪ জুলাই) প্যারিসের বাস্তিল দুর্গ ছিল স্বৈরাচারী রাজতন্ত্রের অত্যাচারের প্রতীক। তৃতীয় শ্রেণীর জনগণ বাস্তিল দুর্গ আক্রমণ করে ধূলিসাৎ করে দেয়।

(৪ আগস্ট) 'সামন্তবাদ' বিলুপ্ত ঘোষণা করা হয়।

১৭৯১ (১ অক্টোবর) ফ্রান্সের বিধানসভা গঠিত হয়। বিধানসভায় জ্যাকোবিন গোষ্ঠীর ১৩৬ জন সদস্য ছিল। জ্যাকোবিন দলীয় সদস্যদের মধ্য থেকে জিরন প্রদেশ থেকে আগতরা পৃথক হয়ে যায়। এরা 'জিরন্ডিস্ট' ধারার শক্তি হিসেবে পরিচিত হতে থাকে।

১৭৯২ (২১ সেপ্টেম্বর) রাজা ষোড়শ লুইকে পদচ্যুত করা হয়। রাজতন্ত্র বিলোপ করা হয়।

১৭৯৩ (২১ জানুয়ারি) রাজা ষোড়শ লুইকে গিলোটিনে শিরশ্ছেদ করা হয়।

১৭৯৪ (২৮ জুলাই) রোব্‌সপীয়রকে গিলোটিনে শিরশ্ছেদ করা হয়।

ফরাসি বিপ্লব ছিল নতুন ভাবাদর্শ, জাতীয়তাবাদ ও চিন্তাধারা প্রতিষ্ঠার বিপ্লব। দার্শনিক রুশো ও ভলটেয়ার লেখনীর মাধ্যমে ফরাসি বিপ্লবের অনুপ্রেরণা যুগিয়েছিলেন। দার্শনিক রুশোর বিখ্যাত উক্তি -

- *Liberty, Equality and Fraternity* (স্বাধীনতা, সমতা ও ভ্রাতৃত্ব)- ফরাসি বিপ্লবের মূল শ্লোগান।
- *Man is born free, but is everywhere in chains* (মানুষ স্বাধীনভাবে জন্মায়, তথাপি সে সর্বত্র শৃংখলিত)
- জনসাধারণই সার্বভৌম ক্ষমতার অধিকারী"।
- *The world of reality has its limits; the world of imagination is boundless.* (বাস্তবতা বিশ্বে সীমাবদ্ধ কিন্তু কল্পনা সীমাহীন)



রুশো (Rousseau)



ভলটেয়ার (Voltaire)

ফরাসি দার্শনিক ভলটেয়ারের বিখ্যাত উক্তিসমূহ নিম্নরূপ:

- *I disapprove of what you say, but I will defend to death your right to say it.*
- *Common sense is not so common.*

(ঘ) নেপোলিয়ন বোনাপোর্টের উত্থান এবং উনবিংশ শতাব্দী (১৭৯৯ - ১৭১৪ খ্রি.)

ফরাসি বিপ্লবের সূত্র ধরে ফ্রান্সে জাতীয়তাবাদ আর্বিভূত হয়। নেপোলিয়ন ১৭৯৯ খ্রিস্টাব্দে ফরাসি প্রথম প্রজাতন্ত্রের 'প্রথম কনস্যুল' হিসেবে ক্ষমতা গ্রহণ করেন। ১৮ মে, ১৮০৪ সিনেট নেপোলিয়নকে ফ্রান্সের সম্রাট ঘোষণা করে। তাঁর রাজত্বকালে ফ্রান্স ইউরোপের গুরুত্বপূর্ণ শক্তি হিসাবে আত্মপ্রকাশ করে। কিন্তু ১৮১২ সালে রাশিয়া আক্রমণ করলে তাঁর ভাগ্য বিপর্যয় শুরু হয়। ১৮১৫ সালে ওয়াটার'লু যুদ্ধে নেপোলিয়ন যুক্তরাজ্যের নেতৃত্বাধীন মিত্রবাহিনীর নিকট পরাজিত হন। যুদ্ধে মিত্রবাহিনীর নেতৃত্ব দেন ডিউক অব ওয়েলিংটন। ওয়াটার লু যুদ্ধক্ষেত্রটি বেলজিয়ামে অবস্থিত।

নেপোলিয়ন বোনাপোর্ট



পরিচিতি	ফ্রান্সের বিখ্যাত সেনাপতি
জন্ম	১৫ আগস্ট, ১৭৬৯। কর্সিকা দ্বীপ, ইতালি।
মৃত্যু	১৮২১ সালে নির্বাসিত অবস্থায় দক্ষিণ আটলান্টিক মহাসাগরের সেন্ট হেলেনা দ্বীপ (যুক্তরাজ্যে) এ।
উপাধি	লিটল করপোরাল, ফরাসি বিপ্লবের শিশু
উক্তি	- Impossible is a word which is found in a fool's dictionary. (অসম্ভব শব্দটি আছে শুধু মূর্খের অভিধানে) - Give me Good Mother, I will give you good nation. (আমাকে ভাল মা দাও , তাহলে আমি তোমাদের ভাল জাতি দিব) - A leader is a dealer in hope. - Ability is nothing without opportunity. - History is a set of lies agreed upon. - Never interrupt your enemy when he is making a mistake. - I am the Revolution.

ভিয়েনা কংগ্রেস : ইউরোপে দীর্ঘমেয়াদী শান্তি পরিকল্পনা প্রণয়ণের লক্ষ্যে ইউরোপীয় দেশসমূহের রাষ্ট্রদূতদের নিয়ে ১৮১৪ সালের নভেম্বর থেকে ১৮১৫ সালের জুন পর্যন্ত ভিয়েনায় একটি বৈঠক অনুষ্ঠিত হয় যা ভিয়েনা কংগ্রেস নামে পরিচিত।

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

ঙ) সমসাময়িক যুগ (১৯১৪ - বর্তমান)

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ১৯৪০ সালে জার্মান নাৎসি বাহিনীর হাতে ফ্রান্সের পতন হলে চার্লস ডি গলে ফ্রান্সের মুক্তি বাহিনী (Free France Forces) গঠন করেন। তিনি ছিলেন ফ্রান্সের স্বাধীনতা সংগ্রামের অগ্রনায়ক।

MCQ Solution

১. **কোন দুটি দেশের মধ্যে 'শতবর্ষ যুদ্ধ' ঘটেছিল?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট জোড়) : ১৩-১৪]

অথবা,

Hundred years war was fought between- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট : সেট-১) : ১৫-১৬]

ক ফ্রান্স ও জার্মানি খ ইংল্যান্ড ও জার্মানি
গ ফ্রান্স ও ইংল্যান্ড ঘ ফ্রান্স ও ইতালি **উত্তর: গ**

২. **ভার্সেলিসের যুদ্ধে কারা জয়ী হয়?** [শ্রম অধিদপ্তরের রেজিষ্ট্রার : ০০]

ক ফ্রান্স খ ইংল্যান্ড
গ আমেরিকা ঘ পর্তুগিজ **উত্তর: ক**

৩. **সামন্তবাদ কোন ইউরোপীয় দেশে প্রথম সূত্রপাত হয়?** [৩৭তম বিসিএস/ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন/এইচআর) : ১৭]

ক ইতালি খ ইংল্যান্ড
গ ফ্রান্স ঘ রাশিয়া **উত্তর: গ**

৪. **ফরাসি বিপ্লবের মেয়াদকাল-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০-১১]

ক ১৮৮৯-১৮৯৯ খ ১৭৮৯-১৭৯৯
গ ১৭৭৬-১৭৮৬ ঘ ১৮৮৬-১৮৯৬ **উত্তর: খ**

৫. **In which year did the French Revolution begin?** [Sonali Bank Ltd. Senior Officer : 13]

Or,

ফরাসি বিপ্লব সংঘটিত হয়েছিল- [৩১তম বিসিএস/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ১৭]

ⓐ 1799 ⓑ 1789
ⓒ 1773 ⓓ 1797 **Ans. b**

৬. **কত সালে ফরাসি জনগণ রাজতন্ত্র অভিজাত তন্ত্র ও চার্চের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (এফ-ইউনিট) : ১০-১১]

ক ১৭৭২ খ ১৭৮৯
গ ১৭৮০ ঘ ১৯১৯ **উত্তর: খ**

৭. **কোন বিপ্লবের মাধ্যমে বাস্তিল দুর্গের পতন ঘটে?** [খুলনা বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট): ১৭-১৮]

ক ফরাসি বিপ্লব খ আইরিশ বিপ্লব
গ রুশ বিপ্লব ঘ চীন বিপ্লব **উত্তর: ক**

৮. **বাস্তিল দুর্গের পতন ঘটেছিল–** [১২তম বিসিএস/ ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট): ০৬-০৭]

ক ১৪ জুলাই, ১৭৮৯ খ ৭ জুন, ১৭৮৮
গ ৫ অক্টোবর, ১৭৮৮ ঘ ২৬ আগস্ট, ১৭৮৮ **উত্তর: ক**

৯. **'*Fall of the Bastille*' is associated with-** [BRC Officer: 07]

Or,

কোন বিপ্লবের মধ্য দিয়ে বাস্তিল দুর্গের পতন ঘটে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৫-০৬]

ⓐ Napolean's War ⓑ Thirty Year War
ⓒ French Revolution ⓓ Hundred Year War **Ans. c**

১০. **For which historical event the year of 1789 is renowned?** [Shahjalal Islami Bank Ltd. Trainee Officer (Cash) : 13]

Or,

কোন ঐতিহাসিক ঘটনার জন্য ১৭৮৯ সালটি বিখ্যাত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজবিজ্ঞান) : ০৭-০৮/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]

ⓐ Independence of USA ⓑ Battle of Waterloo
ⓒ French Revolution
ⓓ Industrial Revolution
ⓔ Discovery of America by Columbus **Ans. c**

১১. **ফরাসি বিপ্লবের সময় ফ্রান্সের রাজা কে ছিলেন?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট - সেট ৩) : ১৪-১৫ / শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক : ০৯]

ক দ্বাদশ লুই খ ষোড়শ লুই
গ নেপোলিয়ন ঘ ফিলিপস **উত্তর: খ**

১২. **কোন রাজার শাসন আমলে ফরাসি বিপ্লব সুচিত হয়?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০২-০৩]

ক ত্রয়োদশ লুই খ চতুর্দশ লুই
গ পঞ্চদশ লুই ঘ ষোড়শ লুই **উত্তর: ঘ**

১৩. **জেকোবিন কি?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক : ১০]

ক আমেরিকার বর্ণবাদী সন্ত্রাসী সংগঠন খ ফরাসি বিপ্লবের অগ্রনায়ক ক্লাব
গ বিখ্যাত বেহালা বাদক ঘ ইউরোপীয়ান নাইট **উত্তর: খ**

১৪. **জ্যাকোবিনদের উত্থান ঘটেছিল -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি৩ ইউনিট - সেট ১) : ১৫-১৬]

ক ইংল্যান্ডে খ স্পেনে
গ ফ্রান্সে ঘ জার্মানিতে **উত্তর: গ**

১৫. **জিরন্ডিনদের উত্থান ঘটেছিল -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি৩ ইউনিট - সেট ১) : ১৫-১৬]

ক ইংল্যান্ডে খ স্পেনে
গ ফ্রান্সে ঘ জার্মানিতে **উত্তর: গ**

১৬. **রোবসপীয়র-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]

ক আমেরিকান লেখক খ স্পেনের গেরিলা যোদ্ধা
গ চলচ্চিত্র অভিনেতা ঘ ফরাসি বিপ্লবের নেতা **উত্তর: ঘ**

১৭. **কোন দুইজন দার্শনিক লেখনীর মাধ্যমে ফরাসি বিপ্লবের অনুপ্রেরণা যুগিয়েছিলেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৩ ইউনিট - সেট ১) : ১২-১৩/ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৯ / Sonali, Janata, Agrani and Rupali Bank Senior Officer : 90]

ক প্লেটো ও রুশো খ রুশো ও ভলটেয়ার
গ প্লেটো ও এরিস্টটল ঘ শেক্সপিয়ার ও ভলটেয়ার **উত্তর: খ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

১৮. **What is the slogan of the French Revolution?** [Bangladesh Krishi Bank Officer : 12/ IBBL Probationary Officer : 10]

Or,

ফরাসি বিপ্লবের মূল শ্লোগান কি ছিল? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট) : ১৩-১৪/ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা কর্মকর্তা : ০৭/ মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক এর অধীনে 'অধীক্ষক' : ৯৮]

ⓐ One nation, One leader and One flag
ⓑ Liberty, equality and fraternity
ⓒ Government by the people, of the people and for the people
ⓓ Workers of the world unite

Ans. b

১৯. **'স্বাধীনতা, সাম্য ও ভ্রাতৃত্ব' কোন বিপ্লবের ভিত্তি ছিল?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ-ইউনিট): ১৫-১৬]

ⓚ চীন বিপ্লব ⓛ মার্কিন বিপ্লব
ⓜ রুশ বিপ্লব ⓝ ফরাসি বিপ্লব

উত্তর: ঘ

২০. **ফরাসি বিপ্লবের মতবাদ বা শ্লোগানের প্রবক্তা কে ছিলেন?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক : ০০]

ⓚ মোপাসো ⓛ ভলতেয়ার
ⓜ বারট্রান্ড রাসেল ⓝ রুশো

উত্তর: ঘ

২১. **'Man is born free. and everywhere he is in chains' was quoted by-** [জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার : ১৭/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৬-১৭]

Or,

'মানুষ স্বাধীন হয়ে জন্মায় কিন্তু সর্বত্র সে থাকে শৃঙ্খলিত'- উক্তিটি কার? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট - সেট ২) : ১২-১৩]

ⓚ Aristotle ⓛ Thomas Aquinas
ⓜ Jonathan Swift ⓝ J. Jacques Rousseau

উত্তর: ঘ

২২. **"জনসাধারণই সার্বভৌম ক্ষমতার অধিকারী-" উক্তিটি কার?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ - ইউনিট) : ০৬-০৭]

ⓚ কার্লমার্কস ⓛ হিটলার
ⓜ রুশো ⓝ প্লেটো

উত্তর: গ

২৩. **Who said the words, "*I disapprove of what you say, but I will defend to death your right to say it*"?** [National Bank Ltd. Probationary Officer : 13]

ⓐ G.B Shaw ⓑ Vladimir Lenin
ⓒ Voltaire ⓓ Mahatma Gandhi
ⓔ Rousseau

Ans. c

২৪. **ফরাসি বিপ্লবের সূত্রে আর্বিভূত হয়েছিল–** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ১৪-১৫]

ⓚ পুঁজিবাদ ⓛ জাতীয়তাবাদ
ⓜ সমাজতন্ত্র ⓝ বিশ্বায়ন

উত্তর: খ

২৫. **ফরাসি বিপ্লবের শিশু বলা হয়-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৫-০৬]

ⓚ রুশোকে ⓛ জনলককে
ⓜ ভলতেয়ারকে ⓝ নেপোলিয়নকে

উত্তর: ঘ

২৬. **Which among the following battles was fought by Napoleon?/ নেপোলিয়ন কোন যুদ্ধটি করেছিলেন?** [Standard Bank Ltd. Probationary Officer : 08]

ⓐ Battle of Waterloo ⓑ Battle of Leipzig
ⓒ Battle of Trafalgar ⓓ Battle of the Jutland

Ans. a

২৭. **নেপোলিয়ান কোথায় জন্মগ্রহণ করেন?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০-১১]

ⓚ সিসিলি ⓛ মাল্টা
ⓜ কর্সিকা ⓝ সার্দিনিয়া

উত্তর: গ

২৮. **"*Impossible is a word which is found in a fool's dictionary*" was the observation of -** [Midland Bank Ltd. Management Trainee Officer: 15/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৪-১৫]

Or,

'অসম্ভব শব্দটি আছে শুধু মূর্খের অভিধানে'- এটি কার উক্তি? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট) : ১৩-১৪]

ⓐ Che Guevara ⓑ Plato ⓒ Einstein
ⓓ Napoleon ⓔ None of them

Ans. d

২৯. **"Give me Good Mother, I will give you good nation-" was the observation of -** [পল্লী উন্নয়ন বোর্ডের মাঠ সংগঠক বা মাঠকর্মী : ১৪/ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড উপজেলা প্রকল্প কর্মকর্তা : ১৩]

ⓐ Abraham Lincoln ⓑ Hitler
ⓒ SK Mujib ⓓ Napoleon

Ans. d

৩০. **'I am the Revolution' উক্তিটি করেছিলেন -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সিও ইউনিট - সেট ১) : ১৫-১৬]

ⓚ এডলফ হিটলার ⓛ বেনিটো মুসোলিনী
ⓜ নেপোলিয়ন বোনাপার্ট ⓝ অটোফন বিসমার্ক

উত্তর: গ

৩১. **'লিটল কর্পোরেল' কার উপাধি?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে পুলিশ সহকারী রাসায়নিক : ০২]

ⓚ লাল বাহাদুর শাস্ত্রী ⓛ সাদা বাহাদুর শাস্ত্রী
ⓜ আল খাওয়াজমি ⓝ নেপোলিয়ান বেনপোর্ট

উত্তর: ঘ

৩২. **ফ্রান্সে নেপোলিয়ান বোনাপার্ট ক্ষমতায় এসেছিলেন?** [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১-১২/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]

ⓚ ১৭৮৯ ⓛ ১৭৯৯
ⓜ ১৮০২ ⓝ ১৭৫৪

উত্তর: খ

৩৩. **বিখ্যাত যুদ্ধক্ষেত্র 'ওয়াটার লু' কোন দেশে অবস্থিত?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার : ১৭/ কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন অডিটর : ১৪/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ড্যাফোডিল) : ১২]

ⓚ সুইডেন ⓛ বেলজিয়াম
ⓜ ইংল্যান্ড ⓝ ইটালি

উত্তর: খ

৩৪. **কত সালে ওয়াটার লু যুদ্ধ সংঘটিত হয়?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট : ১০/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (লোকপ্রশাসন বিভাগ) : ০২-০৩]

ⓚ ১৮১৫ সালে ⓛ ১৮২০ সালে
ⓜ ১৯১২ সালে ⓝ ১৯১৪ সালে

উত্তর: ক

৩৫. **ওয়াটার লু'র যুদ্ধে বিজয়ী সেনাপতির নাম কি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ই ইউনিট - গ্রুপ ৩) : ১৭-১৮ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি-১ ইউনিট) : ১৬-১৭ / দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক : ০৪]

ⓚ লর্ড নেলসন ⓛ ডিউক অব ওয়েলিংটন
ⓜ নেপলিয়ান ⓝ জেনারেল আইসেন হাওয়ার

উত্তর: খ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৩৬. **ওয়াটার লুর যুদ্ধে কে পরাজিত হন?** [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]
ক রবার্ট ক্লাইভ খ ম্যাকআর্থার
গ ক্লিনটন ঘ নেপোলিয়ন **উত্তর: ঘ**

৩৭. **'সেন্ট হেলেনা' দ্বীপটি কোন মহাসাগরে অবস্থিত?** [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা : ০৭ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৭]
ক ভারত মহাসাগরে খ প্রশান্ত মহাসাগরে
গ আটলান্টিক মহাসাগরে ঘ উত্তর মহাসাগরে **উত্তর: গ**

৩৮. **আটলান্টিক মহাসাগরের সেন্ট হেলেনা দ্বীপে কে কারারুদ্ধ ছিলেন?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ঢাকা বিভাগ) : ০২]
ক চেঙ্গিস খান খ তৈমুর লং
গ নেপোলিয়ান ঘ আলেকজান্ডার **উত্তর: গ**

৩৯. **আটলান্টিক মহাসাগরের কোন দ্বীপে নেপোলিয়নকে কারারুদ্ধ করে রাখা হয়েছিল?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট; সেট-বি) : ১৩-১৪ / শ্রম অধিদপ্তরে শ্রম কর্মকর্তা এবং জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা : ০৩]
ক সেন্ট চার্লস খ সেন্ট হেলেনা
গ সেন্ট জন ঘ সেন্ট পল **উত্তর: খ**

৪০. **ফ্রান্সের মহান সম্রাট নেপোলিয়নের জীবনাবসান হয় কোথায়?** [২৬তম বিসিএস/ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী জেনারেল ম্যানেজার : ১৮]
ক ওয়াটার লু নামক স্থানে খ দ্বীপ এনাবার্তে
গ ভার্সাই নগরিতে ঘ সেন্ট হেলেনা দ্বীপে **উত্তর: ঘ**

৪১. **ফরাসি বিপ্লব ও ভিয়েনা কংগ্রেস -** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১২-১৩]
ক ১৭৮৯ ও ১৭৯০ সালে খ ১৭৮৯ ও ১৮১৫ সালে
গ ১৭৭৯ ও ১৮১৫ সালে ঘ ১৭৮৯ ও ১৯১১ সালে **উত্তর: খ**

৪২. **ফ্রান্সের স্বাধীনতা যুদ্ধের নেতৃত্ব দেন?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে পুলিশ সহকারী রাসায়নিক : ০২]
ক চার্লস ডি গ্যালে খ নেলসন ম্যান্ডেলা
গ জুমো কেনিয়াটা ঘ কিনেথ কাউন্ডা **উত্তর: ক**

যুক্তরাজ্য (United Kingdom)

ব্রিটিশ রাজতন্ত্র (British Monarchy)

- ইংল্যান্ডের প্রথম রাজা আলফ্রেড দ্য গ্রেটকে 'আইনের শাসক' বলা হয়।
- ১৬০৩ সালে সমগ্র ইংল্যান্ড, স্কটল্যান্ড এবং আয়ারল্যান্ডের প্রথম রাজা হন ষষ্ঠ জেমস।
- ১৭০৭ সালে রানী অ্যানির রাজত্বকালে ইংল্যান্ড ও স্কটল্যান্ড একত্রিত হয়ে 'গ্রেট ব্রিটেন'-এ পরিণত হয়।
- রাজা প্রথম জর্জ জার্মানিতে জন্মগ্রহণ করেন। ১৭১৪ সালে তিনি ব্রিটিশ রাজসিংহাসনে আরোহণ করেন।
- ১৮০১ সালে রাজা তৃতীয় জর্জ এর রাজত্বকালে গ্রেট ব্রিটেন এবং আয়ারল্যান্ড একত্রিত হয়ে 'যুক্তরাজ্য'-এ পরিণত হয়।

যুক্তরাজ্য	ইংল্যান্ড + স্কটল্যান্ড + ওয়েলস + উত্তর আয়ারল্যান্ড
গ্রেট ব্রিটেন	ইংল্যান্ড + স্কটল্যান্ড + ওয়েলস

- ১৮০৫ সালের ২১ অক্টোবর স্পেনের ট্রাফালগার অন্তরীপে সংঘটিত এক যুদ্ধে ব্রিটিশ নৌবাহিনী ফ্রান্স এবং স্পেনের সম্মিলিত বাহিনীর বিরুদ্ধে জয় পায়। এই যুদ্ধ ট্রাফালগারের যুদ্ধ নামে পরিচিত। এই যুদ্ধে ব্রিটিশ সেনাপতি ছিলেন নেলসন। নেলসনের বিশ্বাস করতেন, 'England expects every man to do his duty'। ট্রাফালগারের যুদ্ধ জয়কে স্মরণীয় করে রাখতে লন্ডনের কেন্দ্রস্থলে একটি চত্বরের নামকরণ করা হয় 'ট্রাফালগার স্কয়ার' (Trafalgar Square)।
- রাজা অষ্টম এডওয়ার্ড আমেরিকার একজন বিধবা মহিলা ওয়ালিস সিম্পসনকে বিবাহ করেন। যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ও জনগণ সিম্পসনকে রানী হিসাবে মেনে নিতে অস্বীকৃতি জানায়। এজন্য তিনি ১৯৩৬ সালের ১১ ডিসেম্বর রাজসিংহাসন ত্যাগ করেন।
- যুক্তরাজ্যের সিংহাসনে বর্তমানে অধিষ্ঠিত আছেন রানী দ্বিতীয় এলিজাবেথ। ২ জুন, ১৯৫৩ তারিখে মাত্র ২৫ বছর বয়সে বাবা রাজা ষষ্ঠ জর্জ এর মৃত্যুর পর তিনি রাজ সিংহাসনে অভিষিক্ত হন। তিনি ব্রিটিশ সিংহাসনে অধিষ্ঠিত দীর্ঘতম সময়ের রাজা/রানী।
প্রিন্সেস ডায়না ছিলেন প্রিন্স অব ওয়েলস চার্লস এর প্রথম স্ত্রী। ১৯৯৭ সালে ৩১ আগস্ট ফ্রান্সের পন্ট ডি আলমা টানেলে ডায়না সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন।


প্রিন্সেস ডায়না

MCQ Solution

১. **আয়ারল্যান্ড কবে ব্রিটেনের অঙ্গরাজ্যে পরিণত হয়?** [শ্রম মন্ত্রণালয়ের সহকারী শ্রম পরিচালক : ০৩]
ক ১৬০১ খ ১৬০৩
গ ১৬১০ ঘ ১৬৯০ **উত্তর: খ**

২. **নিচের জার্মানির কোন রাজা ইংল্যান্ডের সিংহাসনে বসেন?** [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী : ১০]
ক দ্বিতীয় জর্জ খ প্রথম জর্জ
গ তৃতীয় জর্জ **উত্তর: গ**

৩. **ট্রাফালগার যুদ্ধে কোন দেশ জয় লাভ করে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪]
ক ফ্রান্স খ স্পেন
গ ইতালি ঘ ইংল্যান্ড **উত্তর: ঘ**

৪. **'ট্রাফাল্গার স্কোয়ার' কোন শহরে অবস্থিত?** [১২তম বিসিএস/ রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (টগর) : ১১]
ক ওয়াশিংটন খ প্যারিস
গ মস্কো ঘ লন্ডন **উত্তর: ঘ**

৫. **"England expects every man to do his duty" -Who told it.** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৪]
ⓐ Nelson ⓑ Churchill
ⓒ Wilson ⓓ Thatcher **Ans. a**

৬. **ব্রিটেনের রাজা যিনি একজন সাধারণ মহিলাকে বিবাহ করার জন্য রাজসিংহাসন হারান–** [দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক : ০৩]
ক পঞ্চম এডওয়ার্ড খ ষষ্ঠ এডওয়ার্ড
গ সপ্তম এডওয়ার্ড ঘ অষ্টম এডওয়ার্ড **উত্তর: ঘ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৭. **ব্রিটিশ সিংহাসনে অধিষ্ঠিত দীর্ঘতম সময়ের রাজা/রানীর নাম কি?** [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]
ক রানি ভিক্টোরিয়া খ রানি দ্বিতীয় এলিজাবেথ
গ রাজা পঞ্চম জর্জ ঘ রাজা দ্বিতীয় এডওয়ার্ড **উত্তর: খ**

৮. **প্রিন্সেস ডায়না সড়ক দুর্ঘটনায় কোথায় মৃত্যুবরণ করেন?** [সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]
ক লন্ডন খ প্যারিস
গ হেগ ঘ বার্লিন **উত্তর: খ**

৯. **প্রিন্সেস ডায়না কোন সুরঙ্গপথে দুর্ঘটনায় নিহত হন?** [দুর্নীতি দমন ব্যুরোর উপসহকারী পরিদর্শক : ০৪]
ক ইউরো টানেল খ আর্ল বার্গ
গ রস্কো ঘ আলমা ডি টানেল **উত্তর: ঘ**

যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী

রবার্ট ওয়ালপোল ব্রিটেনের প্রথম প্রধানমন্ত্রী (মেয়াদ : ১৭২১ - ৪২ খ্রি.) ছিলেন।

উইলিয়াম ই গ্লাডস্টোন ব্রিটেনের প্রধানমন্ত্রী (মেয়াদ : ১৮৯২ - ১৮৯৪ খ্রি.) ছিলেন। তাঁকে 'গ্রান্ড ওল্ড ম্যান অব ব্রিটেন' বলা হয়। তাঁর বিখ্যাত উক্তি "Justice Delayed is Justice Denied".



উইনস্টন চার্চিল দ্বিতীয় বিশ্বযুদ্ধকালীন সময়ে ব্রিটেনের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি দুইবার (১৯৪০-৪৫ খ্রি. এবং ১৯৫১ -৫৫ খ্রি.) ব্রিটেনের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৫৩ সালে *The History of Second World War* গ্রন্থের জন্য তিনি সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন।

মার্গারেট থ্যাচার (Margaret Thatcher) ব্রিটেনের প্রথম মহিলা প্রধানমন্ত্রী। দীর্ঘ ১১ বছর (১৯৭৯-১৯৯০ খ্রি.) ব্রিটেনের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালনকালে তিনি শক্ত হাতে বিভিন্ন বাঁধাকে অগ্রাহ্য করে ব্রিটেনের অর্থনীতিতে বৈপ্লবিক পরিবর্তন এনেছিলেন। এজন্য তাঁকে *Iron Lady* (লৌহ মানবী) বলা হতো। তাঁর শাসনামলে 'ফকল্যান্ড যুদ্ধ' সংঘটিত হয়। প্রথম জীবনে তিনি রাসায়নিক গবেষণাগারে কাজ করতেন।

MCQ Solution

১. **ব্রিটেনের প্রথম প্রধানমন্ত্রীর নাম কি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৫-০৬/ সাব-রেজিস্ট্রার : ৯২]
ক রবার্ট ওয়ালপোল খ চার্চিল
গ জন এডামস ঘ জন ওয়ালপোল **উত্তর: ক**

২. **Justice delayed is justice denied - কার উক্তি?** [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক : ১৮ / জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ১) : ১৬-১৭/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৫-১৬]
ⓐ Plato ⓑ Socrates
ⓒ Aristotle ⓓ Rousseau
ⓔ Gladstone **Ans.** e

৩. **উইনস্টন চার্চিল কোন দেশের প্রধানমন্ত্রী ছিলেন?** [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২ / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]
ক ব্রিটেন খ ফ্রান্স
গ ইতালি ঘ জার্মানি **উত্তর: ক**

৪. **কোন ব্রিটিশ প্রধানমন্ত্রী সাহিত্যে নোবেল পুরস্কার পান?** [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক : ০৪/ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সহ-রসায়নবিদ : ০১]
ক মার্গারেট থেচার খ উইন্সটন চার্চিল
গ জেমস কালাহার ঘ এডওয়ার্ড **উত্তর: খ**

৫. **একজন রাজনীতিবিদ কিন্তু সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছেন--** [১৮তম বিসিএস/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি-১ ও ডি-২ ইউনিট) : ১৬-১৭ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮/ সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]

Or,

The political leader who obtained Noble Prize in literature is?
[প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক : ১৩/ Bangladesh Bank Officer: 01]
ⓐ Gorbachev ⓑ Winston Churchill
ⓒ Bertrand Russel ⓓ Khrusher **Ans.** b

৬. **উইন্সটন চার্চিল কোন বিষয়ে নোবেল পুরস্কার পেয়েছিলেন?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি-১ ইউনিট) : ১৬-১৭]
ক চিকিৎসা খ শান্তি
গ সাহিত্য ঘ অর্থনীতি **উত্তর: গ**

৭. **What is not the work of Winston Churchill?** [খুলনা বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক স্কুল) : ১১-১২]
ⓐ History of the Second World War
ⓑ History of the English Speaking People
ⓒ Life in marlborough
ⓓ Far From the Madding Crowd **Ans.** d

৮. **In which year Winston Churchill got the Nobel Prize in literature?** [জেলা দুর্নীতি দমন অফিসার : ৯৪]
ক 1943 খ 1945
গ 1948 ঘ 1953 **উত্তর: ঘ**

৯. **We shall fight on the beaches – উক্তিটি কার?** [জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার : ১৭]
ⓐ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ⓑ আব্রাহাম লিংকন
ⓒ উইনস্টন চার্চিল ⓓ মাও সেতুং **উত্তর: গ**

১০. **লৌহপর্দা (Iron Curtain) শব্দগুচ্ছ কোন রাষ্ট্রনায়ক ব্যবহার করেন?** [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৪]
ক চার্চিল খ রুজভেল্ট
গ জর্জ ওয়াশিংটন ঘ ট্রুম্যান **উত্তর: ক**

১১. **The first woman Prime Minister of Britain was -/ ব্রিটেনের প্রথম মহিলা প্রধানমন্ত্রী ছিলেন-** [National Bank Ltd. Officer : 09]
ⓐ Golda Meir ⓑ Gro Harlem Brundtland
ⓒ Dame Eugenia Charles ⓓ Margeret Thatcher
ⓔ None of these **Ans.** d

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

১২. **The name *Margaret Thatcher* relates to -/'মার্গারেট থ্যাচার' নামটি কোন বিষয়ের সাথে সম্পর্কিত?** [Bangladesh Commerce Bank Ltd. Officer : 06]
ⓐ Information Technology ⓑ Politics
ⓒ Book ⓓ Space Technology
ⓔ None of these **Ans.** b

১৩. **ব্রিটেনের সাবেক প্রধানমন্ত্রী মার্গারেট থেচার ক্ষমতায় ছিলেন কত বছর?** [স্বাস্থ অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী : ১০/ গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৬]
ⓚ ৯ বছর ⓚ ১০ বছর
ⓖ ১১ বছর ⓖ ১২ বছর **উত্তর: গ**

১৪. **কোন সাবেক প্রধানমন্ত্রী আগে রাসায়নিক গবেষণাগারে কাজ করতেন?** [শ্রম অধিদপ্তরে শ্রম কর্মকর্তা এবং জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা : ০৩]
ⓚ মার্গারেট থেচার ⓚ চন্দ্রিকা বন্দরনায়েক
ⓚ টনি ব্লেয়ার ⓖ বেনজির ভুট্টো **উত্তর: ক**

১৫. **কে 'লৌহ মানবী' বলে পরিচিত?** [২৫তম বিসিএস/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট বিজোড়) : ১৩-১৪ / গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার : ০৫/ মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক : ০৩/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০২-০৩]
ⓚ ইন্দিরা গান্ধী ⓚ বেগম খালেদা জিয়া
ⓖ আংসান সুকী ⓖ মার্গারেট থ্যাচার **উত্তর: ঘ**

আয়ারল্যান্ড

- বেলফাস্ট চুক্তি

স্থান	বেলফাস্ট, নেদারল্যান্ড
স্বাক্ষরকাল	১০ এপ্রিল, ১৯৯৮
পক্ষসমূহ	ব্রিটেন - আয়ারল্যান্ড - উত্তর আয়ারল্যান্ড
ফলাফল	উত্তর আয়ারল্যান্ডের শান্তির জন্য অন্যতম মাইলফলক

৬. **প্রাচ্যের ভেনিস কোনটি?** [কর্মসংস্থান ব্যাংক সহকারী অফিসার : ০৮/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ) : ০৫-০৬]

ⓚ সিঙ্গাপুর ⓛ চট্টগ্রাম
ⓜ ব্যাংকক ⓝ ওসাকা **উত্তর: গ**

৭. **'উত্তরের ভেনিস' বলা হয়-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ): ০৯-১০]

ⓚ কুইবেক ⓛ স্টকহোম
ⓜ রোম ⓝ অসলো **উত্তর: খ**

৮. **কোন দেশকে মুক্তার দেশ বলা হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৩ ইউনিট) : ১০-১১]

ⓚ গ্রানাডা ⓛ বাহামা
ⓜ কিউবা ⓝ কোস্টারিকা **উত্তর: গ**

৯. **Pearl Island নামে খ্যাত দেশ কোনটি?** [ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (অফিসার) : ১৮]

ⓚ Baharain ⓛ Greenland
ⓜ Ireland ⓝ Thailand **উত্তর: ক**

১০. **বিশ্বের কোন শহরকে 'দক্ষিণের রানী' বলা হয়?** [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের সহকারী প্রশাসনিক কর্মকর্তা : ১৭]

ⓐ ওসাকা ⓑ ওয়েলিংটন
ⓒ সিডনি ⓓ নিউইয়র্ক
ⓔ কোনোটিই নয় **উত্তর: গ**

১১. **বিশ্বের কোন শহর 'নিষিদ্ধ শহর' নামে পরিচিত?** [১৫তম বিসিএস/ কর্মসংস্থান ব্যাংক অফিসার (ক্যাশ) : ১৫]

ⓚ লাসা ⓛ উলানবাটোর
ⓜ পিয়ংইয়ং ⓝ কাবুল
ⓞ কোনোটিই নয় **উত্তর: ক**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

১২. **নিষিদ্ধ দেশ বলা হয়-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৩-০৪]
ক ইসরাইলকে খ আফগানিস্তানকে
গ তিব্বতকে ঘ কিউবাকে **উত্তর: গ**

১৩. **Baghdad was known as-** [Islami Bank Bangladesh Ltd. Assistant Officer: 03]
ⓐ Abode of Peace (শান্তি নীড়) ⓑ Desert City (মরুভূমির শহর)
ⓒ Green city (সবুজ শহর) ⓓ Democratic City (গণতান্ত্রিক শহর) **Ans.** a

১৪. **বাগদাদ শব্দের অর্থ কি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১২-১৩]
ক ন্যায় বিচারক খ ন্যায় বিচার
গ ন্যায় বিচারের উদ্যান ঘ ন্যায় সঙ্গত **উত্তর: গ**
ব্যাখ্যা: আব্বাসীয় খলিফা মনসুর পারস্যের বিখ্যাত সম্রাট কিসরা নওশিরওয়ানের গ্রীষ্মাবাস বাগদাদকে (ন্যায় বিচারের উদ্যান) রাজধানীর জন্য নির্বাচন করেন।

১৫. **কোন শহরটি 'বিগ আপেল' (Big Apple) পরিচিত-** [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট; সেট-২) : ১৭-১৮/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ- ইউনিট) : ১৬-১৭/ প্রাক- প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫/ দ্বাদশ বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৫]
ক প্যারিস খ নিউইয়র্ক
গ লন্ডন ঘ সিঙ্গাপুর **উত্তর: খ**

১৬. **আইসল্যান্ড হলো-** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন/এইচআর) : ১৭]
ক মুক্তার দ্বীপ খ পান্নার দ্বীপ
গ লবঙ্গ দ্বীপ ঘ আগুনের দ্বীপ **উত্তর: ঘ**

১৭. **বিশ্বের মানচিত্রে কোন দেশটিকে ''লং সু'' মনে হয়?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (এফ- ২ ইউনিট) : ১৫-১৬]
ক পর্তুগাল খ ইতালি
গ গ্রিস ঘ হাঙ্গেরি
ঙ জার্মানি **উত্তর: খ**

১৮. **ভারতের কোন শহরকে Wifi-শহর বলা হয়?** [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপসহকারী পরিচালক : ১৭]
ক দিল্লি খ কলকাতা
গ বেঙ্গালুর ঘ জয়পুর **উত্তর: খ**

আন্তঃরাষ্ট্রীয় ক্ষমতা সম্পর্ক
Inter-state Power Relation

আন্তর্জাতিক সম্পর্ক

আন্তর্জাতিক সম্পর্কের ধ্রুপদি তিনটি তত্ত্ব বাস্তববাদ, উদারতাবাদ এবং কাঠামোবাদ এবং তাদের নব্য প্রতিদ্বন্দ্বী তত্ত্ব নয়া বাস্তববাদ ও নয়া উদারতাবাদ সবগুলোই ঐকমত্য পোষণ করে যে, বিশ্ব ব্যবস্থা পুরোটায় নৈরাজ্যমূলক। বাস্তববাদ রাষ্ট্রীয় নিরাপত্তাকে গুরুত্ব দেয়। বাস্তববাদ আন্তর্জাতিক সম্পর্কের মূল আলোচ্যসূচি। বাস্তববাদ তত্ত্বের মূল উপাদান নৈরাজ্য। তবে এ নৈরাজ্যের ব্যাখ্যায়, কীভাবে এ সমস্যার সমাধান করা যাবে সে বিষয়ে তাদের মধ্যে ভিন্নতা রয়েছে।

জিরোসাম গেম (Zero-Sum Game) ধারণাটির উৎপত্তি মূলত এ্যাপ্লাইড ম্যাথমেটিক্স এর একটি শাখা 'গেম থিওরি' থেকে। জিরোসাম গেম বলতে এমন একটি অবস্থাকে বুঝানো হয় যেখানে একজনের লাভে অন্যজনের লোকসান হয়, একই সাথে দুই পক্ষই লাভ করতে পারে না। অর্থাৎ একই সাথে দু'দলই জিততে বা হারতে পারবে না বরং এক দল জিতলে অন্য দলকে অবশ্যই হারতে হবে। এটাই জিরো সাম গেম তত্ত্বের মূল কথা। বর্তমানে সোসাল সায়েন্সের ডিসিপ্লিন গুলোতে এর ব্যাপক ব্যবহার লক্ষ্য করা যায়। উদাহরণ স্বরূপ-পলিটিক্যাল সায়েন্সে সব নির্বাচনকেই জিরো সাম গেম ভাবা হয়, কেননা এখানে একদল জেতে এবং অন্যদলকে অবশ্যই হারতে হয়। আন্তর্জাতিক রাজনীতির ক্ষেত্রে বাস্তববাদী (Realist) রা মনে করেন পুরো পৃথিবীর সম্পদ জিরো সাম। এখানে এক দেশ কিছু অর্জন করলে অপর দেশকে অবশ্যই সেই অংশটুকুর লোকসান করতে হয়। তেল সম্পদ হচ্ছে এর প্রকৃষ্ট উদাহরণ। পৃথিবীতে তেল সম্পদের মজুদ নির্দিষ্ট। এছাড়া সমগ্র পৃথিবীতে তেল সম্পদ নেই এবং এটিকে উৎপাদন ও করা যায় না। তাই এই সম্পদ একদল পেলে অপর দলকে অবশ্যই বঞ্চিত হতে হবে।

প্যারিস প্যাক্ট (Pact of Paris) স্বাক্ষরিত হয় ২৭ আগস্ট, ১৯২৮। এতে আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে শক্তি প্রয়োগ নিষিদ্ধ করা হয়।

MCQ Solution

১. **আন্তর্জাতিক ক্ষেত্রে প্রত্যেক রাষ্ট্রের মান কত?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (এফ-ইউনিট) : ১০-১১]
ক সমান খ অসমান
গ মানসম্মত ঘ উচ্চমান **উত্তর: ক**

২. **নৈরাজ্য যে তত্ত্বের মূল উপাদান সেটি হচ্ছে -** [৩৮তম বিসিএস]
ক নয়া উদারতাবাদ খ গঠনবাদ
গ বাস্তববাদ ঘ নব্য মার্কসবাদ **উত্তর: গ**

৩. **জিরোসাম গেম (Zero-Sum Game) আন্তর্জাতিক সম্পর্কে কোন তত্ত্বের সঙ্গে সংশ্লিষ্ট?** [৩৯তম বিসিএস (বিশেষ)]
ক মার্কবাদ খ গঠনবাদ
গ উদারতাবাদ ঘ বাস্তববাদ **উত্তর: ঘ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৪. **আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে শক্তি প্রয়োগ নিষিদ্ধকারী 'প্যারিস প্যাক্ট' স্বাক্ষরিত হয় -** [২৪তম বিসিএস/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]

ক ১৯২৭ সনের ১২ আগস্ট খ ১৯২৮ সনের ২৭ আগস্ট
গ ১৯২৮ সনের ৩ নভেম্বর ঘ ১৯২৯ সনের ৫ জানুয়ারি **উত্তর: খ**

আন্তঃরাষ্ট্রীয় সংঘাত (Interstate conflict)

প্রথম বিশ্বযুদ্ধ (World War I)

(ক) সময়কাল : ২৮ জুলাই, ১৯১৪ থেকে ১১ নভেম্বর, ১৯১৮

(খ) প্রেক্ষাপট : ১৯১৪ সালের ২৮ জুন বসনিয়ার রাজধানী সারায়োভো শহরে অস্ট্রিয়ার যুবরাজ ফার্ডিনান্ড এক সার্বীয়বাসীর গুলিতে নিহত হন। অস্ট্রিয়া এই হত্যাকাণ্ডের জন্য সার্বিয়াকে দায়ী করে সার্বিয়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। এ যুদ্ধে দুই দেশের বন্ধু রাষ্ট্রগুলো ধীরে ধীরে জড়িয়ে পড়ে।

(গ) বিবদমান পক্ষ

মিত্র শক্তি (Allied Powers)	কেন্দ্রীয় শক্তি (Central Powers)
সার্বিয়া, রাশিয়া, ব্রিটেন, ফ্রান্স, জাপান, ইতালি এবং যুক্তরাষ্ট্র।	অস্ট্রিয়া, জার্মানি, হাঙ্গেরি এবং বুলগেরিয়া।

(ঘ) নেতৃবৃন্দ

যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী	হেনরি আসকুইথ, ডেভিড লয়েড জর্জ
মার্কিন প্রেসিডেন্ট	উড্রো উইলসন
জার্মান সম্রাট	দ্বিতীয় উইলিয়াম

(ঙ) ফলাফল

- মিত্রশক্তির বিজয়।
- ভার্সাই চুক্তি (Treaty of Versailles) : ২৮ জুন, ১৯১৯ ফ্রান্সের ভার্সাইয়ে জার্মানি এবং মিত্রশক্তির মধ্যে 'ভার্সাই চুক্তি' স্বাক্ষরিত হয়।

MCQ Solution

১. **প্রথম বিশ্বযুদ্ধের পূর্বে অস্ট্রিয়ার যুবরাজকে কোন শহরে হত্যা করা হয়েছিল?** [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]

ক গ্রাজ খ সারায়েভো
গ জাগরেব ঘ সালজবুরগ **উত্তর: খ**

২. **কখন প্রথম বিশ্বযুদ্ধ শুরু হয়?** [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪-১৫/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্যামেলিয়া) : ১১]

ক ১৯১০ সালে খ ১৯১২ সালে
গ ১৯১৪ সালে ঘ ১৯১৬ সালে **উত্তর: গ**

৩. **প্রথম বিশ্বযুদ্ধের অবসান হয়-** [রেলপথ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী : ১৭/ মেডিকেল : ০৫-০৬/ মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক : ০০]

ক ১৯১৪ সালের ১০ সেপ্টেম্বর
খ ১৯১৭ সালের ১৪ আগস্ট
গ ১৯১৮ সালের ১১ নভেম্বর
ঘ ১৯২০ সালের ১৯ জুন **উত্তর: গ**

৪. **প্রথম বিশ্বযুদ্ধের ব্যাপ্তিকাল-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ব্যবস্থাপনা বিভাগ) : ০৮-০৯]

ক ১৮১৪-১৮১৮ খ ১৮৩৯-১৮৪৫
গ ১৯১৪-১৯১৮ ঘ ১৯৩৯-১৯৪৫ **উত্তর: গ**

৫. **প্রথম বিশ্বযুদ্ধের সময় আমেরিকার প্রেসিডেন্ট কে ছিলেন?** [জাতীয় সংসদে সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার : ০৬]

ক রুজভেল্ট খ লিংকন
গ উড্রো উইলসন ঘ আইসেন হাওয়ার **উত্তর: গ**

৬. **ভার্সাই নগরী কোন দেশে অবস্থিত?** [সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) : ০৫-০৬/ উপজেলা ও থানা শিক্ষা অফিসার : ০৫]

ক জার্মানি খ ফ্রান্স
গ ইংল্যান্ড ঘ আমেরিকা **উত্তর: খ**

৭. **প্রথম বিশ্বযুদ্ধের সমাপ্তিতে কোন চুক্তি স্বাক্ষরিত হয়?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৪-০৫]

ক সেভার্স চুক্তি খ লুজেন চুক্তি
গ ভার্সাই চুক্তি ঘ প্যারিস চুক্তি **উত্তর: গ**

৮. **ভার্সাই চুক্তি স্বাক্ষরিত হয় কত সালে?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]

ক ১৯২৮ খ ১৯৪৫
গ ১৯৬২ ঘ ১৯১৯ **উত্তর: ঘ**

৯. **The year 2019 will mark the 100 years since the peace treaty of-** [Bangladesh Bank Officer (General): 18]

ⓐ Vienna ⓑ Yalta
ⓒ Versailles ⓓ Helsinki **Ans.** c

দ্বিতীয় বিশ্বযুদ্ধ (World War II)

(ক) সময়কাল : ১ সেপ্টেম্বর ১৯৩৯ – ২ সেপ্টেম্বর ১৯৪৫

(খ) বিবদমান পক্ষ

Allied Powers (মিত্র শক্তি)	Axis Powers (অক্ষ শক্তি)
ব্রিটেন, ফ্রান্স, সোভিয়েত ইউনিয়ন, যুক্তরাষ্ট্র, চীন, পোল্যান্ড, বেলজিয়াম	জার্মানি, ইতালি এবং জাপান

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

(গ) নেতৃবৃন্দ

মিত্র শক্তির নেতা	 যোসেফ স্ট্যালিন (সোভিয়েত প্রেসিডেন্ট)	 উইনস্টোন চার্চিল (যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী)	 ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট (মার্কিন প্রেসিডেন্ট)	 হ্যারি এস ট্রুমান (মার্কিন প্রেসিডেন্ট)
	অধিনায়ক : জেনারেল আইসেনহাওয়ার			
অক্ষ শক্তির নেতা	 এডলফ হিটলার (জার্মান চ্যান্সেলর)	 বেনিতো মুসোলিনি (ইতালির প্রেসিডেন্ট)	 হিরোহিতো (জাপানের সম্রাট)	

(ঘ) ঘটনাপঞ্জি

১৯৩৯ (১ সেপ্টেম্বর) জার্মানি পোল্যান্ড আক্রমণ করলে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সূচনা হয়।
'ব্লিৎসক্রিগ' বা 'বিদ্যুৎগতির যুদ্ধ' মতবাদের প্রতিফলিত হয় ফ্যাসিস্ট জার্মানির আগ্রাসন নীতি। এ ধারণা অনুসারে, বিজয় লাভ করা উচিত অল্প সময়ের মধ্যে - শত্রু কর্তৃক তার সশস্ত্র বাহিনী এবং সামরিক-অর্থনৈতিক ক্ষমতার পূর্ণ ব্যবহারের আগেই। এই রণনীতির কারণে জার্মানি চমকপ্রদ বিজয় লাভ করে দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রথম নয় মাসে নিজেদের অবস্থান দৃঢ় করে।

১৯৪০ (১০ জুন) খ্রি. অক্ষশক্তি (ইতালিয়ান ও জার্মান বাহিনী) ব্রিটিশ অধিভুক্ত উত্তর আফ্রিকা (মিশর) আক্রমণ করে। এ অভিযানে জার্মান ও ইতালির সৈন্যদের নেতৃত্ব দেন জার্মান ফিল্ড মার্শাল এর্ভিন ইয়োহানেস অয়গেন রমেল। যুদ্ধে ব্রিটিশ ফিল্ড মার্শাল মন্টগোমারি প্রতিপক্ষ রমেলের অসাধারণ রণকৌশল ও দক্ষতায় অভিভূত হয়ে তাকে The Desert Fox (মরুভূমির শিয়াল) আখ্যা দিয়েছিলেন।

১৯৪১ (৭ ডিসেম্বর) জাপান যুক্তরাষ্ট্রের হাওয়াই দ্বীপের পার্ল হারবার আক্রমণ করে। ফলে যুক্তরাষ্ট্র সরাসরি দ্বিতীয় বিশ্বযুদ্ধে জড়িয়ে পড়ে।

১৯৪৪ (৬ জুন) ইউরোপের মূল ভূখণ্ড জার্মান দখলমুক্ত করার জন্য মিত্রবাহিনীর বিপুল সংখ্যক সেনা ফ্রান্সের নরমান্ডিতে অবতরণ করে। এই দিনটি D- Day হিসাবে পালিত হয়।

১৯৪৫ (৮ মে) জার্মান নাৎসী বাহিনী মিত্রবাহিনীর কাছে নিঃশর্ত আত্মসমর্পণ করে। এই দিনটি V-E Day (Victory in Europe Day) হিসাবে উদযাপিত হয়।
(৬ আগস্ট) যুক্তরাষ্ট্র জাপানের হিরোশিমায় পারমাণবিক বোমা (সাংকেতিক নাম 'লিটল বয়') নিক্ষেপ করে।
(৯ আগস্ট) যুক্তরাষ্ট্র জাপানের নাগাসাকিতে আরেকটি পারমাণবিক বোমা সাংকেতিক

নাম- 'ফ্যাটম্যান') নিক্ষেপ করে। লিটল বয় ও ফ্যাটম্যান নামক পারমাণবিক বোমা দুটি নিক্ষেপের নির্দেশদাতা ছিলেন তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট হেনরি ট্রুম্যান।
(১৫ আগস্ট) জাপান আত্মসমর্পণের ঘোষণা দেয়।
(২ সেপ্টেম্বর) জাপান আনুষ্ঠানিকভাবে নিঃশর্ত আত্মসমর্পণ করলে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরিসমাপ্তি হয়।

(ঙ) ফলাফল
- মিত্রশক্তির বিজয়।
- *নুরেমবার্গ বিচার* (Nuremberg Trials) ১৯৪৫-৪৬ সালে জার্মানির নুরেমবার্গে অনুষ্ঠিত হওয়া কিছু বিচার প্রক্রিয়ার নাম। তখন ইন্টারন্যাশনাল মিলিটারি ট্রাইবুনাল নাৎসি বাহিনীর নেতাদের বিরুদ্ধে অভিযোগ গঠন করে এবং তাদের বিচার করে।

(চ) স্মৃতিচারণ
The Diary of a Young Girl অ্যানা ফ্রাঙ্ক রচিত ওলন্দাজ ভাষায় লিখিত একটি বিখ্যাত গ্রন্থ। জার্মান নাৎসি বাহিনী নেদারল্যান্ড অভিযানের সময় লেখিকা ও তার পরিবার নেদারল্যান্ডের একটি বাড়িতে লুকিয়ে ছিলেন। বইটিতে অ্যানা ফ্রাংক তার ঐ সকল দিনলিপির বর্ণনা দিয়েছেন।

স্ট্যাচু অব পিস : পারমাণবিক বোমার বিস্ফোরণে নিহতদের স্মরণে জাপানের নাগাসাকিতে 'শান্তি পার্ক' স্থাপন করা হয়েছে। এই পার্কে স্থাপিত হয়েছে স্ট্যাচু অব পিস (Statue of Peace)।

করনারস্টোন অব পিস : ওকিনাওয়ার যুদ্ধ (দ্বিতীয় বিশ্বযুদ্ধ) এর নিহতদের স্মরণে জাপানের ওকিনাওয়ায় Cornerstone of Peace (করনার স্টোন অব্ পিস) স্মৃতিসৌধ নির্মিত হয়।


স্ট্যাচু অব পিস, নাগাসাকি পিস পার্ক

MCQ Solution

১. **The immediate cause of world war II in Europe was -** [Shahjalal Islami Bank Ltd. Trainee Senior Officer : 11]
ⓐ the singing of the non-aggression pact between Germany and the USSR (জার্মানি এবং সোভিয়েত ইউনিয়নের মধ্যে অনাক্রমণ চুক্তি স্বাক্ষর)
ⓑ world wide depression (বিশ্বব্যাপি মন্দা)
ⓒ the invasion of Poland (পোল্যান্ডে আগ্রাসন)
ⓓ the provision of the Versailles treaty (ভার্সাই চুক্তির শর্তাবলী) **Ans.** c

২. **হিটলার কর্তৃক কোন দেশ আক্রমণ দ্বিতীয় মহাযুদ্ধের প্রত্যক্ষ কারণ?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন অডিটর : ১৪]
ⓐ অস্ট্রিয়া ⓑ চেকোস্লোভাকিয়া
ⓒ রাশিয়া ⓓ পোল্যান্ড উত্তর: ঘ

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৩. **দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়-** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) : ১৮/ দ্বাদশ বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৫/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১২]

ক ১ সেপ্টেম্বর, ১৯৩৯ খ ১ নভেম্বর, ১৯৪০
গ ১ ডিসেম্বর, ১৯৩৭ ঘ ১ অক্টোবর, ১৯৩৫ **উত্তর: ক**

৪. **দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় 'জাপান-জার্মানি ইতালি' এই তিন শক্তিকে একত্রে বলা হত-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ) : ০৮-০৯]

ক মিত্র শক্তি খ অক্ষ শক্তি
গ যুগ্ম শক্তি ঘ অশ্ব শক্তি **উত্তর: খ**

৫. **কোন দেশটি দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালে অক্ষশক্তি ছিল না?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০০-০১]

ক জার্মান খ ফ্রান্স
গ ইতালি ঘ জাপান **উত্তর: খ**

৬. **দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় আমেরিকার প্রেসিডেন্ট ছিলেন -** [দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক : ০৩]

ক আইসেন হাওয়ার খ জন এফ কেনেডি
গ রুজভেল্ট ঘ ট্রুম্যান **উত্তর:** গ, ঘ

৭. **দ্বিতীয় বিশ্বযুদ্ধে মিত্র শক্তির অধিনায়ক কে ছিলেন?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সিও ইউনিট - সেট ১) : ১৫-১৬/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বাতিল পরীক্ষা) : ০২]

ক জেনারেল আইসেনহাওয়ার খ লর্ড চার্চিল
গ জেনারেল ম্যাক আর্থার ঘ জর্জ ওয়াশিংটন **উত্তর: ক**

৮. **দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় রাশিয়ার প্রেসিডেন্ট ছিলেন-** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ড্যাফোডিল) : ১২]

ক স্টালিন খ লেনিন
গ রুজভেল্ট ঘ হিটলার **উত্তর: ক**

৯. **দ্বিতীয় মহাযুদ্ধের শুরুতে কে ব্রিটেনের প্রধানমন্ত্রী ছিলেন?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন অডিটর : ১৪/ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৩]

ক এটলি খ চার্চিল
গ গ্লাডস্টোন ঘ চেম্বারলেন **উত্তর: খ**

১০. **Who was the Japanese Commander-in-Chef during the WWII?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি১ ইউনিট - সেট ১) : ১৫-১৬]

ⓐ Isoroku Yamamoto ⓑ Isoroku Myamoto
ⓒ Isoroku Hirohito ⓓ Isoroku Matsubito **Ans.** a

১১. **দ্বিতীয় বিশ্বযুদ্ধে জার্মান বাহিনীর নেতৃত্ব দিয়েছিলেন -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি৩ ইউনিট - সেট ১) : ১৫-১৬]

ক হিন্ডবার্গ খ জেনারেল জোসেফ
গ লডেনডফ ঘ জেনারেল আইসেন হাওয়ার **উত্তর: খ**

১২. **হিটলারের সেনাবাহিনী কোন রণনীতির কারণে চমকপ্রদ বিজয় লাভ করে দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রথম নয় মাসে নিজেদের অবস্থান দৃঢ় করে?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক : ১০]

ক ব্লিৎসক্রিগ রণনীতি
খ ম্যাজিনো লাইন দুর্ভেদ্যতা নীতি
গ শত্রুকে ধোকায় রাখার রণনীতি
ঘ নৌ অবরোধ রণনীতি

১৩. **'হলোকাস্ট' (Holocaust) বলে চিহ্নিত করা হয় কোনটিকে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি৭ ইউনিট : সেট ৪ : শিফট ১) : ১৫-১৬]

ক গুয়ানতানামোয় বন্দিদের উপর নির্যাতন
খ কৃষ্ণাঙ্গ-শ্বেতাঙ্গ সংঘাত
গ দ্বিতীয় বিশ্বযুদ্ধকালীন ইহুদি নিধন
ঘ হুতো-তুতসিদের লড়াই **উত্তর: গ**

ব্যাখ্যা: দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় হিটলারের অধীনস্থ জার্মান নাৎসি সামরিক বাহিনীর ইহুদী ধর্মাবলম্বীদের উপর চালানো গণহত্যা - দ্যা হলোকাস্ট।

১৪. **নিচের কোন সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ইতালিয়ান ও জার্মান বাহিনী ব্রিটিশ অধিভুক্ত উত্তর আফ্রিকা আক্রমণ করে?** [মেডিকেল: ০৯-১০]

ক ১৯৪২ খ ১৯৪৩
গ ১৯৪১ ঘ ১৯৪০ **উত্তর: ঘ**

১৫. **কে 'ডেজার্ট ফক্স' নামে পরিচিত?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ঢেলটা) : ১৪/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৯-১০]

ক ফিল্ড মার্শাল রোমেল খ আনোয়ার সাদাত
গ মার্শাল টিটো ঘ কামাল আতাতুর্ক **উত্তর: ক**

১৬. **দ্বিতীয় বিশ্বযুদ্ধে পার্ল হারবার আক্রমণ করেছিল কোন দেশ?** [প্রাক- প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫/ ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা : ০৬]

ক জার্মানি খ জাপান
গ রাশিয়া ঘ ইতালি **উত্তর: খ**

১৭. **জাপান পার্ল হারবার আক্রমণ করে-** [১২তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (করতোয়া) : ১৩]

ক ৭ ডিসেম্বর, ১৯৪০ খ ৭ ডিসেম্বর, ১৯৪১
গ ৭ ডিসেম্বর, ১৯৪২ ঘ ৭ ডিসেম্বর, ১৯৪৩ **উত্তর: খ**

১৮. **Peral Harbour, where the american Pacific Fleet was stationed, was attacked by Japanese in-/ জাপান যুক্তরাষ্ট্রের প্রশান্ত মহাসাগরীয় নৌবাহিনীর বন্দর পার্ল হারবার আক্রমণ করে-** [Shahjalal Islami Bank Trainee Ass. Officer: 04]

ক 1939 খ 1935
গ 1944 ঘ 1941 **উত্তর: ঘ**

১৯. **পার্ল হারবার কোথায় অবস্থিত?** [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৪]

ক হাওয়াই দ্বীপে খ ভূমধ্যসাগরের তীরে
গ আরব সাগরে ঘ আটলান্টিক মহাসাগরে **উত্তর: ক**

২০. **দ্বিতীয় বিশ্বযুদ্ধে আমেরিকার অংশগ্রহণের প্রত্যক্ষ কারণ কি?** [শ্রম অধিদপ্তরে অফিসার : ৯৪]

ক হিটলারের রাশিয়া আক্রমণ খ জার্মানি কর্তৃক ফ্রান্স অধিকার
গ জার্মানির ইংল্যান্ড আক্রমণ ঘ পার্ল হারবারে বোমা বর্ষণ **উত্তর: ঘ**

২১. **During the World War ll, which ethnic group was under severe oppression in the USA?** [Probashi Kallyan Bank Ltd. Officer (Cash) : 14]

ⓐ Indian American ⓑ Chinese American
ⓒ [illegible]rican ⓓ Latino **Ans.** c

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

২২. **The historical 'D-day' is related with-** [Sonali Bank Ltd. & Janata Bank Ltd. Senior Officer (IT/ICT):18 / Rajshahi Krishi Unnayan Bank. Officer : 14]

Or,

'ডি- ডে'র সঙ্গে সংশ্লিষ্ট - [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]

ক Gulf War খ First world War
গ Second world War ঘ Iraq War **উত্তর: গ**

২৩. **D. Day হিসেবে উদযাপন হয় কোন দিনটি?** [পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি বাড়ি একটি খামার প্রকল্পের জেলা সমন্বয়কারী : ১৭]

ক ৮ মে খ ৬ জুন
গ ১৪ আগস্ট ঘ ৭ ডিসেম্বর **উত্তর: খ**

২৪. **First Atom Bomb has dropped on-/ প্রথম পারমাণবিক বোমা ফেলা হয়েছিল-** [Bangladesh Commerce Bank Ltd. Officer : 06]

ⓐ Germany ⓑ Japan
ⓒ Italy ⓓ Austria
ⓔ None of these **Ans.** b

২৫. **First Atom Bomb was dropped in-/ প্রথম পারমাণবিক বোমা ফেলা হয়েছিল-** [Pubali Bank Ltd. Junior Officer : 05]

ⓐ 1944 ⓑ 1945
ⓒ 1935 ⓓ 1942
ⓔ None of these **Ans.** b

২৬. **হিরোশিমায় পারমাণবিক বোমা (Atom Bomb) ফেলা হয়েছিল-** [১০ম বিসিএস/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি-১ ও ডি-২ ইউনিট) : ১৬-১৭ / ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. সহকারী অফিসার (গ্রেড-৩) : ০৮]

ক ১ সেপ্টেম্বর, ১৯৩৯ খ ৭ মে, ১৯৪৫
গ ৭ সেপ্টেম্বর, ১৯৪৫ ঘ ৬ আগস্ট, ১৯৪৫ **উত্তর: ঘ**

২৭. **হিরোশিমায় নিক্ষিপ্ত আণবিক বোমার নাম-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]

ক লিটল বয় খ ডেস্ট্রয়ার
গ স্কাড ঘ প্যাট্রিয়ট **উত্তর: ক**

২৮. **হিরোশিমায় নিক্ষেপ করা প্রথম আণবিক বোমার নাম কী?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৭-১৮]

ক লিটল বয় খ ফ্যাট ম্যান
গ ব্যাট ম্যান ঘ ফ্যাট বয় **উত্তর: ক**

২৯. **১৯৪৫ সালে হিরোশিমায় বোমা নিক্ষেপকারীর নাম কি ছিল?** [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]

ক কারমিট বিহান খ হানকুরে আপাতি
গ টমাস ফেরিবি ঘ জর্জ ভেক্কট **উত্তর: গ**

৩০. **জাপানের নাগাসাকিতে পারমাণবিক বোমা ফেলেছিল কোন দেশ?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ-ইউনিট) : ১৪-১৫]

ক জার্মানি খ সোভিয়েত ইউনিয়ন
গ চীন ঘ মার্কিন যুক্তরাষ্ট্র **উত্তর: ঘ**

৩১. **দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানের ওপর ফেলা পারমাণবিক বোমার নাম-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১২-১৩]

ক ড্রোন খ মিজাইল
গ ফ্যাটম্যান ঘ পেট্রিয়ট

৩২. **নাগাসাকিতে পারমাণবিক হামলা করা হয়-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আন্তর্জাতিক সম্পর্ক): ০৯-১০]

ক ১৯৪৫ সালের ৯ আগস্ট খ ১৯৪৫ সালের ৬ আগস্ট
গ ১৯৪৫ সালের ৮ আগস্ট ঘ ১৯৪৫ সালের ৭ আগস্ট **উত্তর: ক**

৩৩. **যুক্তরাষ্ট্রের তদানীন্তন প্রেসিডেন্ট যিনি জাপানে আণবিক বোমা ফেলার আদেশ দিয়েছিলেন-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]

ক হ্যারি ট্রুম্যান খ ফ্রাংকলিন রুজভেল্ট
গ উড্রো উইলসন ঘ ডুয়াইট আইসেনহাওয়ার **উত্তর: ক**

৩৪. **দ্বিতীয় মহাযুদ্ধে জার্মানি আত্মসমর্পণ করে-** [১০ম বিসিএস]

ক ১৯৪২ সালের নভেম্বর মাসে খ ১৯৪৩ সালের ফেব্রুয়ারি মাসে
গ ১৯৪৫ সালের মে মাসে ঘ ১৯৪৫ সালের সেপ্টেম্বর মাসে **উত্তর: গ**

৩৫. **দ্বিতীয় মহাযুদ্ধে জাপান আত্মসমর্পণ করে-** [সহকারী জজ : ০৮]

ক মে, ১৯৪৫ খ জুন, ১৯৪৫
গ জুলাই, ১৯৪৫ ঘ আগস্ট, ১৯৪৫ **উত্তর: ঘ**

৩৬. **Which country surrendered unconditionally during the World War II?/ দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় কোন দেশ নিঃশর্ত আত্মসমর্পণ করে?** [Shahjalal Islami Bank Ltd. Trainee Officer: 13]

ⓐ Germany ⓑ France
ⓒ Japan ⓓ Austria
ⓔ Britain **Ans.** a, c

৩৭. **দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষ হয়-** [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা) : ০৮]

Or,

When did the WW II come to an end? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি১ ইউনিট - সেট ৫) : ১৫-১৬]

ক ১৯৪৪ সালের ১ সেপ্টেম্বর খ ১৯৪৫ সালের ২ সেপ্টেম্বর
গ ১৯৪৫ সালের ৯ আগস্ট ঘ ১৯৪৫ সালের ৬ আগস্ট **উত্তর: খ**

৩৮. **দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়কাল ছিল-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট : গ্রুপ এ-১) : ১৭-১৮/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৪]

ক ১৯৪৪ থেকে ১৯৪৯ সাল খ ১৯২৪ থেকে ১৯২৯ সাল
গ ১৯৩৯ থেকে ১৯৪৫ সাল ঘ ১৯২০ থেকে ১৯৩০ সাল **উত্তর: গ**

৩৯. **দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর যুদ্ধাপরাধীদের বিচার করা হয়েছিল জার্মানির -** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৩-০৪]

ক বার্লিনে খ ন্যুরেমবার্গে
গ হাইডেলবার্গে ঘ বনে **উত্তর: খ**

৪০. **Anne Frank wrote her world famous diary during second world war hiding in-/ দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় অ্যানা ফ্রাঙ্ক কোথায় লুকিয়ে থেকে তার বিখ্যাত ডায়েরি লিখেন?** [Agrani Bank Ltd. Senior Officer: 13]

ⓐ Germany ⓑ Holland
ⓒ England ⓓ Poland
ⓔ Austria **Ans.** b

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৪১. **'করনার স্টোন অব্ পিস' এই স্মৃতিসৌধটি সম্প্রতি স্থাপিত হয়েছে-** [১৭তম বিসিএস]
ক) ম্যাকাও খ) হাইতি
গ) ওকিনাওয়া ঘ) ভিয়েতনাম **উত্তর:** গ

৪২. **Statue of peace is situated in which country?** [Janata Bank Ltd. Assistant Executive Officer : 15]
Or,
'স্ট্যাচু অব পিচ' কোন দেশে অবস্থিত? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]
ⓐ USA ⓑ UK
ⓒ Germany ⓓ Japan **Ans.** d

৪৩. **'স্ট্যাচু অব পিস' (Statue of peace) কোথায় অবস্থিত?** [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক : ১৮ / তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে সহকারী প্রোগ্রামার : ১৭]
ক) নাগাসাকি খ) নিউইয়র্ক
গ) টরেন্টো ঘ) হিরোশিমা **উত্তর:** ক

৪৪. **দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর কোন আমেরিকান জাপান পুনর্গঠন করেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট - বিজোড়) : ১৬-১৭]
ক) ম্যাক জর্ডান খ) ম্যাক আর্থার
গ) ম্যাক চিলি ঘ) টমাস মুর **উত্তর:** খ

স্নায়ুযুদ্ধ

স্নায়ুযুদ্ধ বা ঠান্ডা লড়াই মূলত একটি মনস্তাত্ত্বিক যুদ্ধ, যার অর্থ সরাসরি প্রথাগত যুদ্ধে অবতীর্ণ না হয়ে একে অপরকে রাজনৈতিক, অর্থনৈতিক, সামরিক কলা- কৌশলগতভাবে পরাভূত করা। স্নায়ুযুদ্ধ বা শীতলযুদ্ধ হচ্ছে দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী সময়ে মার্কিন যুক্তরাষ্ট্র ও তার মিত্রসমূহ এবং সোভিয়েত ইউনিয়ন ও তার মিত্রসমূহের মধ্যকার টানাপোড়েনের নাম। এ দুটি দেশ তাদের স্বীয় প্রভাব বলয় (Spare of Influence) বাড়ানোর প্রতিযোগিতায় লিপ্ত থেকে বিশ্ব রাজনীতির ক্ষেত্রে সংঘাতময় পরিস্থিতি সৃষ্টি করে। ইংরেজিতে 'Cold War' কথাটি সর্বপ্রথম সূচিত করেন মার্কিন সাংবাদিক ওয়াল্টার লিপম্যান, ১৯৪৭ সালে, তাঁর একই শিরোনামের বইতে। স্নায়ুযুদ্ধের সময় যুক্তরাষ্ট্রের প্রধান মিত্র ছিল যুক্তরাজ্য, ফ্রান্স, পশ্চিম জার্মানি ও কানাডা। আর সোভিয়েত ইউনিয়নের পক্ষে ছিল পূর্ব ইউরোপের অনেক রাষ্ট্র, যেমন- বুলগেরিয়া, হাঙ্গেরি, পোল্যান্ড, পূর্ব জার্মানি, রোমানিয়া প্রভৃতি। স্নায়ু যুদ্ধের বিস্তৃতি ছিল ১৯৪০ এর দশকের মাঝামাঝি থেকে ১৯৮০ এর দশকের শেষ পর্যন্ত। মার্কিন যুক্তরাষ্ট্র ও তার মিত্র দেশসমূহ ছিল গণতন্ত্র ও পুঁজিবাদের পক্ষে, আর সোভিয়েত ইউনিয়ন ও তার মিত্র দেশসমূহ ছিল সাম্যবাদী বা সমাজতন্ত্রপন্থী। অবশেষে সোভিয়েত ইউনিয়নের নাটকীয় পরিবর্তন এবং পতনের মধ্যে দিয়ে এই যুদ্ধের সমাপ্তি হয়।

Containment Doctrine : জর্জ এফ কেনান ছিলেন একজন বিখ্যাত মার্কিন কূটনীতিক। স্নায়ুযুদ্ধকালীন সময়ে কমিউনিজমের বিস্তার প্রতিরোধের জন্য ১৯৪৬ সালে তিনি Containment Doctrine নীতি প্রকাশ করেন।

ট্রুম্যান ডকট্রিন (Truman Doctrine) **:** স্নায়ুযুদ্ধের সময় সোভিয়েত ইউনিয়নের ভূরাজনৈতিক বিস্তার মোকাবেলায় আমেরিকার একটি পররাষ্ট্র নীতি ছিল 'ট্রুম্যান ডকট্রিন'। ১৯৪৭ সালের ১২ মার্চ কংগ্রেসের এক যৌথ সভায় বক্তব্য রাখার সময় মার্কিন প্রেসিডেন্ট ট্রুম্যান তাঁর বিখ্যাত এই

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

ঘোষণা করেন। এ ঘোষণার মাধ্যমে তিনি গ্রীস ও তুরস্কের তৎকালীন পরিস্থিতি বিবেচনা করে দেশ দুটোকে অর্থনৈতিক সাহায্যদানের জন্য সুপারিশ করেন। ট্রুম্যান মতবাদের আশু করণীয় গ্রিক ও তুরস্ককে আর্থিক সাহায্য দেয়া হলেও এর মৌখিক অঙ্গীকার ছিল বিশ্বব্যাপী। এ মতবাদে অর্থনৈতিক এবং সামরিক উপায়ে সোভিয়েত আগ্রাসন প্রতিরোধ করার ব্যাপারে মার্কিনিদের দৃঢ় সংকল্পের কথা ব্যক্ত করা হয়। ট্রুম্যান নীতি ক্রমে বিশ্বের সর্বত্র মার্কিন যুক্তরাষ্ট্রের মিত্র রাষ্ট্রগুলোকে নিয়ে একটি বলয় রচনা করে এবং সোভিয়েত প্রভাবকে এই বলয়ের বাইরে সীমিত রাখা হয়। দক্ষিণ কোরিয়া, ভিয়েতনাম বা বার্লিন যেকোনো স্থানে কমিউনিস্ট শক্তি এই বলয় ভাঙ্গতে চেষ্টা করলে, স্থানীয় Proxy War - এর মাধ্যমে আক্রমণকারীকে বলয়ের বাইরে নিক্ষেপ করা হয়।

Comecon (কমেকন) : দ্বিতীয় বিশ্বযুদ্ধে জার্মানির পরাজয় এবং ইংল্যান্ড ও ফ্রান্সের বিধ্বস্ত অবস্থা পূর্ব ইউরোপকে এক অর্থে অবিভাবক শূন্য করে ফেলে। যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের সম্মতিক্রমে ইয়াল্টা কনফারেন্সের মাধ্যমে স্ট্যালিনের রাশিয়া পূর্ব ইউরোপে অভিভাবকত্ব পায়। প্রথমে স্ট্যালিন সরাসরি পূর্ব ইউরোপে কম্যুনিস্ট শাসন চাপিয়ে দেয় নাই তবে ধাপে ধাপে প্রতিটা দেশেই (পোলান্ড, হাঙ্গেরি, চেকোস্লোভাকিয়া, রোমানিয়া, বুলগেরিয়া) কম্যুনিস্ট দলকে ক্ষমতায় বসিয়েছিল। কিন্তু ঝামেলা বাধে অল্পদিনেই কারণ পূর্ব ইউরোপীয়ান কম্যুনিস্টদের মাঝে বিভক্তি। এক দল ছিল যারা জীবনের উল্লেখযোগ্য সময় মস্কোতে কাটিয়েছে ওদের ধারণা ছিল শতভাগ মস্কোর আনুগত্য। মস্কো যা করে সেটা ফলো করা এবং মস্কোর উপদেশই ওদের সব। কিন্তু আরেকদল ছিল, ওরাও কম্যুনিস্ট কিন্তু মস্কোর কথাই শেষ বলে না মেনে নিজ দেশের পরিস্থিতি ও সমাজ অনুযায়ী কর্মপদ্ধতি ঠিক করতে চেয়েছিল। যাদের বলা হতো, জাতীয়তাবাদী সোশ্যালিস্ট। জাতীয়তাবাদী সমাজতান্ত্রিকদের আদর্শ হয়ে উঠে যুগোশ্লাভিয়ার মার্শাল টিটো। সমাজতন্ত্রের পথে দুটি ধারার সৃষ্টি হয়, স্ট্যালিনিজম এবং টিটোইজম। এই পর্যায়ে সোভিয়েত দেশগুলোর মাঝে একটি অর্থনৈতিক জোট গঠন করা হয় "কমেকন"। স্ট্যালিন শাস্তি স্বরূপ টিটো যুগোস্লাভিয়াকে এই জোটে নিষিদ্ধ করে এবং অন্যান্য সদস্যদের সাথে যুগোস্লাভিয়ার বাণিজ্য বন্ধ করে দেয়। ফলে প্রথম সমাজতান্ত্রিক দেশ হিসেবে যুগোস্লাভিয়া যুক্তরাষ্ট্রের সাথে বাণিজ্য শুরু এবং বেশ কিছু আর্থিক সাহায্যও পায়।

NATO (North Atlantic Treaty Organization)

প্রতিষ্ঠাকাল	৪ এপ্রিল ১৯৪৯		
	• আলবেনিয়া	• বেলজিয়াম	• নরওয়ে
	• বুলগেরিয়া	• কানাডা	• পোল্যান্ড
	• ক্রোয়েশিয়া	• চেক প্রজাতন্ত্র	• পর্তুগাল
	• ডেনমার্ক	• এস্তোনিয়া	• রোমানিয়া
	• ফ্রান্স	• জার্মানি	• স্লোভাকিয়া
	• গ্রিস	• হাঙ্গেরি	• স্লোভেনিয়া
	• আইসল্যান্ড	• ইতালি	• স্পেন
	• লাটভিয়া	• লিথুয়ানিয়া	• তুরস্ক
সদস্যপদ (২৯ টি দেশ)	• লুক্সেমবার্গ	• নেদারল্যান্ড	• যুক্তরাজ্য
	• যুক্তরাষ্ট্র	• মন্টিনিগ্রো	
- ন্যাটোভুক্ত মুসলিম দেশ আলবেনিয়া ও তুরস্ক।			

www.boimate.com

লক্ষ্য	একটি সামরিক জোট। সদস্য রাষ্ট্রের বিরুদ্ধে সামরিক আগ্রাসন প্রতিরোধ করা।
Note	ন্যাটো বাহিনী ২০০৩ সালের আগস্টে আফগানিস্তানে International Security Assistance Force (ISAF) মিশনে অংশগ্রহণ করে। এটি ইউরোপের বাইরে ন্যাটো বাহিনীর প্রথম মিশন।

ANZUS (Australia, New Zealand, United States Security Treaty)

প্রতিষ্ঠাকাল	১ সেপ্টেম্বর, ১৯৫১
সদস্যপদ (৩টি দেশ)	অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড এবং যুক্তরাষ্ট্র
লক্ষ্য	একটি সামরিক জোট। সদস্য রাষ্ট্রের বিরুদ্ধে সামরিক আগ্রাসন প্রতিরোধ করা।

ওয়ারশ প্যাক্ট (*Warsaw Pact*) হলো পূর্ব ইউরোপের ৮টি কমিউনিস্ট দেশের একটি প্রতিরক্ষা চুক্তি। ১৯৫৫ সালে সাবেক সোভিয়েত ইউনিয়নের উদ্যোগে পোল্যান্ডে চুক্তিটি স্বাক্ষরিত হয়। ১৯৯১ সালে সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে যাওয়ার সাথে সাথে চুক্তিটি বিলুপ্ত হয়।

MCQ Solution

১. **'Cold war' হচ্ছে -** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪]
ⓚ যুদ্ধের নাম ⓚ শীতকালীন যুদ্ধ
ⓖ স্নায়ুযুদ্ধ ⓖ যুদ্ধবিরতি **উত্তর: গ**

২. **আলবেনিয়া স্নায়ুযুদ্ধকালীন সময়ে যে পররাষ্ট্র নীতির ধারায় চলেছিল -** [গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) : ৯৯]
ⓚ জোটনিরপেক্ষ ⓚ মিত্রতার সম্পর্ক
ⓖ বিচ্ছিন্ন প্রবণতাভিত্তিক ⓖ মতাদর্শগতভিত্তিক **উত্তর: গ**

৩. **পশ্চিম ইউরোপে 'ট্রুম্যান ডকট্রিন' কবে ঘোষণা করা হয়?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের কারিগরি শিক্ষা জুনিয়র ইন্সট্রাক্টর: ০৫]
ⓚ ১৯৪৭ ⓚ ১৯৪৯
ⓖ ১৯৫০ ⓖ ১৯৫৩ **উত্তর: ক**

৪. **জর্জ কেনান মার্কিন কূটনীতির ক্ষেত্রে কেন প্রসিদ্ধ?** [গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং) : ৯৯]
ⓚ কূটনীতির নতুন ধারণা দেন
ⓚ 'Containment Doctrine'-এর প্রবক্তা
ⓖ Detente প্রক্রিয়ার কর্ণধার
ⓖ নিবারক তত্ত্বের জন্মদাতা **উত্তর: খ**

৫. **দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর পূর্ব-পশ্চিম দ্বন্দ্বের ফলে সৃষ্ট পূর্বের অর্থনৈতিক জোটটির নাম ছিল -**
ⓚ কমিন্টার্ন ⓚ কমিনফর্ম [৩৫তম বিসিএস]
ⓖ কমেকন ⓖ কোনোটি নয় **উত্তর: গ**

৬. **ন্যাটো সামরিক জোট কত সালে আত্মপ্রকাশ করে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৭/ মহিলা বিষয়ক অধিদপ্তরের উপজেলা কর্মকর্তা : ০৫]
ⓚ ১৯৪৪ ⓚ ১৯৪৮
ⓖ ১৯৪৯ ⓖ ১৯৫১ **উত্তর: গ**

৭. **In which year was NATO established?** [Shahjalal Islami Bank Ltd. Trainee Officer: 10] *Or,*
উত্তর আটলান্টিক চুক্তি (NATO) কোন বছর প্রতিষ্ঠিত হয়? [২১তম বিসিএস/ ১৭ তম বিসিএস/ ১৬তম বিসিএস/ কারিগরি শিক্ষা অধিদপ্তরের চীফ ইন্সট্রাক্টর (নন্টেক) : ০৩/ শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার : ০০]
ⓐ April 4, 1949 ⓑ May 7, 1949
ⓒ April 14, 1948 ⓓ May 28, 1949 **Ans.** a

৮. **NATO stands for -** [Pubali Bank Ltd Junior Officer : 12/ Sadharan Bima Corporation Junior Officer : 09/ IBBL Assistant Officer (Grade-III): 08]
ⓐ North American Treaty Organization
ⓑ North American Trade Organization
ⓒ North Atlantic Treaty Organization
ⓓ North Atlantic Trade Organization
ⓔ None of these **Ans.** c

৯. **১৯৪৯ সালে যখন ন্যাটো গঠিত হয়, তখন এর সদস্য রাষ্ট্রের সংখ্যা ছিল -** [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৪]
ⓚ ১১ ⓚ ১২
ⓖ ৯ ⓖ ১৩ **উত্তর: খ**

১০. **What kind of organization is NATO?** [Basic Bank Ltd.(Assistant Manager):18 / Agrani Bank Ltd. Officer (Cash): 13/ Pubali Bank Ltd. Junior Officer (Cash) : 11] *Or,*
NATO কোন ধরনের জোট? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ১৪-১৫/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ই- ইউনিট) : ১৩-১৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) ১০: ১১/ শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক : ০৬]
ⓐ Political (রাজনৈতিক) ⓑ Social (সামাজিক)
ⓒ Environmental (পরিবেশগত) ⓓ Military (সামরিক)
ⓔ None of them (কোনোটিই নয়) **Ans.** d

১১. **Of the following countries, which is a member of NATO?** [Banglalesh Shilpa Bank recruitment test: 04 / Jamuna Bank Ltd. Officer: 04] *Or,*
ন্যাটোর সদস্য- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ⓐ Pakistan ⓑ Japan
ⓒ Turkey ⓓ Saudi Arabia **উত্তর:** c

১২. **ন্যাটোর একমাত্র মুসলিম সদস্য দেশ- (The only Muslim member state of the NATO is-)** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব- রেজিস্ট্রার : ১৬/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৫-১৬/ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১১/ Bangladesh Bank Cash Officer : 11/ Premier Bank Ltd. MTO: 10]
ⓐ মিশর ⓑ লিবিয়া
ⓒ তুরস্ক ⓓ মরক্কো **Ans.** c

১৩. **ন্যাটো (NATO)- তে কোন মুসলিম রাষ্ট্র সদস্য ?** [সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা : ১৬]
ⓚ সৌদি আরব ⓚ ইরান
ⓖ মিশর ⓖ তুরস্ক **উত্তর: ঘ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

১৪. **তুরস্ক সম্পর্কে কোনটি সঠিক?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৬-১৭]
ক এটি ন্যাটো জোটের সদস্য
খ এটি আরবলীগের সদস্য
গ এটি ইউরোপীয় ইউনিয়নের সদস্য
ঘ এটি উপসাগরীয় সহযোগিতা কাউন্সিলের সদস্য **উত্তর: ক**

১৫. **কোন দেশ ন্যাটোর সদস্য নয়?** [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের সহকারী প্রশাসনিক কর্মকর্তা : ১৭/ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৩/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]
ক অস্ট্রিয়া খ পোল্যান্ড
গ হাঙ্গেরি ঘ স্পেন **উত্তর: ক**

১৬. **কোন দেশটি ন্যাটোর সদস্য নয়?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৬-১৭]
ক দক্ষিণ কোরিয়া খ অস্ট্রেলিয়া
গ জাপান ঘ সবগুলো **উত্তর: ঘ**

১৭. **ন্যাটোর একটি বাহিনী বর্তমানে ইউরোপের বাইরে কোথায় অবস্থান করছে?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (জি-ইউনিট) : ১৬-১৭ / সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) : ০৭/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ক ইরাকে খ আফগানিস্তানে
গ লেবাননে ঘ সিয়েরালিওনে **উত্তর: খ**

১৮. **ANZUS কোন ধরনের সংগঠন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় অ-বাণিজ্য গ্রুপ (ব্যবস্থাপনা বিভাগ) : ০৮-০৯]
ক অর্থনৈতিক খ রাজনৈতিক
গ আঞ্চলিক ঘ সামরিক **উত্তর: ঘ**

১৯. **ANZUS stands for-** [Shahjalal Islami Bank Ltd. Trainee Assistant Officer : 04]
ⓐ Australia, New Zealand UAE and South Africa
ⓑ America, New Zealand, United Kindom,and Switzerland
ⓒ Austraia, New Zealand and United States
ⓓ Australia, New Zealand, Uruguay and South Africa **Ans.** c

২০. **কোনটি সামরিক জোট নয়?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক : ১৬/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ৯৬-৯৭]
ক ন্যাটো খ ওয়ারস
গ সিয়াটো ঘ নাফটা **উত্তর: ঘ**

২১. **Central Treaty Organization-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৩-০৪]
ক CTO খ CENTO
গ CTRO ঘ CNTO **উত্তর: খ**

২২. **কোনটি বিলুপ্ত হয়েছে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ) : ০৯-১০]
ক ওয়ারশ প্যাক্ট খ ন্যাটো
গ নাফটা ঘ অ্যাপেক **উত্তর: ক**

Anti-Ballistic Missile Treaty (ABM)

স্বাক্ষরকাল	২৬ মে, ১৯৭২
পক্ষসমূহ	যুক্তরাষ্ট্র ও সাবেক সোভিয়েত ইউনিয়ন। ১৩ জুন ২০০২ যুক্তরাষ্ট্র একতরফাভাবে চুক্তি থেকে নিজেকে প্রত্যাহার করে নেয়।

Strategic Arms Limitation Talks (SALT)

চুক্তি	SALT-I	SALT-II
স্বাক্ষর	২৬ মে, ১৯৭২	১৮ জুন, ১৯৭৯
পক্ষসমূহ	যুক্তরাষ্ট্র ও সাবেক সোভিয়েত ইউনিয়ন	
নোট	মার্কিন সিনেট SALT-II চুক্তিটি অনুমোদন করেনি।	

Strategic Arms Reduction Treaty (START)

চুক্তি	START-I	START-II
স্বাক্ষরকাল	৩১ জুলাই, ১৯৯১	৩ জানুয়ারি, ১৯৯৩
পক্ষসমূহ	যুক্তরাষ্ট্র ও সাবেক সোভিয়েত ইউনিয়ন (রাশিয়া)	
বিষয়বস্তু	কৌশলগত অস্ত্র হ্রাস সংক্রান্ত চুক্তি	

MCQ Solution

১. **Anti Ballistic Missile Treaty স্বাক্ষরিত হয়েছিল কবে?** [শ্রম মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক : ০৫]
ক ১৯৭০ সালে খ ১৯৭২ সালে
গ ১৯৭৩ সালে ঘ ১৯৭৯ সালে **উত্তর: খ**

২. **যুক্তরাষ্ট্র কবে এককভাবে ABM (Anti-Ballistic Missile) চুক্তি থেকে নিজেকে প্রত্যাহার করে?** [৩৬তম বিসিএস]
ক জুন ২০০১ খ জুন ২০০০
গ জুন ২০০২ ঘ জুন ২০০৩ **উত্তর: গ**

৩. **নিচের কোন চুক্তিটি যুক্তরাষ্ট্রের সিনেটে অনুমোদিত হয়নি?** [২৭তম বিসিএস]
ক এবিএম চুক্তি (ABM) খ সল্ট-১ চুক্তি (SALT-1)
গ সল্ট-২ চুক্তি (SALT-2) ঘ স্টার্ট-১ চুক্তি (START-1) **উত্তর: গ**

৪. **START-2 কি?** [২৭তম বিসিএস]
ক বাণিজ্য সংক্রান্ত একটি চুক্তি খ টিভিতে সম্প্রচারিত একটি সিরিয়াল
গ কৌশলগত অস্ত্র হ্রাস সংক্রান্ত চুক্তি ঘ এর কোনোটি নয় **উত্তর: গ**

৫. **স্টার্ট-২ চুক্তি কোন দুটি দেশের মধ্যে স্বাক্ষরিত হয়?** [নির্বাচন কমিশন সচিবালয়ে জেলা নির্বাচন অফিসার : ০৪]
ক যুক্তরাষ্ট্র-জার্মানি খ যুক্তরাষ্ট্র-রাশিয়া
গ রাশিয়া-চীন ঘ যুক্তরাষ্ট্র-ফ্রান্স **উত্তর: খ**

৬. **হেলসিংকি ঘোষণাপত্র (Helsinki Declaration) কোন সালে স্বাক্ষরিত হয়?** [সাব-রেজিস্ট্রার : ০১]
ক ১৯৬৫ সালে খ ১৯৭৫ সালে
গ ১৯৮৫ সালে ঘ ১৯৯৫ সালে **উত্তর: খ**

৭. **CSCE (Conference on Security and Co-operation in Europe) চুক্তিতে (১৯৭৫) মোট কয়টি দেশ স্বাক্ষর করেছিল?** [শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক : ০৬]
ক ২৩টি খ ৩৩টি
গ ৩৫টি ঘ ৪১টি **উত্তর: গ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

তৃতীয় বিশ্ব (Thirld World)

তৃতীয় বিশ্ব শব্দটির উৎপত্তি স্নায়ুযুদ্ধের সময়। যে সকল দেশ স্নায়ুযুদ্ধের সময় সোভিয়েত বা মার্কিন ব্লকে যোগদান না করে নিরপেক্ষ অবস্থান বা জোট নিরপেক্ষ আন্দোলনে অংশগ্রহণ করেছিল তাদের তৃতীয় বিশ্ব বলে। তৃতীয় বিশ্বের অধিকাংশ দেশ ছিল উন্নয়নশীল।

জোট নিরপেক্ষ আন্দোলন (Non-Aligned Movement - NAM) স্নায়ুদ্ধকালীন পরাশক্তিদ্বয়ের বহুমাত্রিক জোটের অন্তর্ভুক্তি পরিহার' অর্থে সংজ্ঞায়িত হয়েছিল। ১৯৫৫ সালে ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত 'বান্দুং সম্মেলন' ছিল ন্যামের ইতিহাসে প্রথম গুরুত্বপূর্ণ মাইলফলক। ১৯৬১ সালে তৎকালীন যুগোশ্লাভিয়ার বেলগ্রেডে প্রথম শীর্ষ সম্মেলনের মাধ্যমে ন্যামের জন্ম হয়।



ন্যামের উদ্যোক্তা ৫ নেতা (বাম থেকে ডানে) ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরু, ঘানার প্রাক্তন প্রেসিডেন্ট নক্রুমা, মিশরের প্রাক্তন প্রেসিডেন্ট জামাল আবদাল নাসের, ইন্দোনেশিয়ার প্রাক্তনপ্রেসিডেন্ট সুকর্ন এবং যুগোশ্লাভিয়ার প্রাক্তনপ্রেসিডেন্ট মার্শাল টিটো।

MCQ Solution

১. **তৃতীয় বিশ্ব বলতে বোঝায়-** [জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৯ / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০০-০১]
ক উন্নত দেশসমূহ খ উন্নয়নশীল দেশসমূহ
গ তেল প্রধান দেশসমূহ ঘ এশিয়ার দেশসমূহ
উত্তর: খ

২. **NAM এর পূর্ণরূপ কি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন বিভাগ) : ০৩-০৪]
ক None Aligned Movement
খ Non Aligned Movement
গ Not Aligned Movement
ঘ None Alien Movement
উত্তর: খ

৩. **বান্দুং (Bandung) সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল কবে?** [শ্রম মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক : ০৫]
ক এপ্রিল, ১৯৫৫ খ ফেব্রুয়ারি, ১৯৫৬
গ জুন, ১৯৪৫ ঘ ডিসেম্বর, ১৯৫৫
উত্তর: ক

৪. **'বান্দুং' শহরটি কোন দেশে অবস্থিত?** [২৫তম বিসিএস/ ২৩তম বিসিএস/ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন/এইচআর) : ১৭]
ক চীন খ ইন্দোনেশিয়া
গ যুগোস্লাভিয়া ঘ মালয়েশিয়া
উত্তর: খ

৫. **জোট নিরপেক্ষ আন্দোলনের প্রথম শীর্ষ সম্মেলন কোথায়, কবে অনুষ্ঠিত হয়?** [২৫তম বিসিএস/ ১৭তম বিসিএস]
ক হারারে, ১৯৮৯ খ বেলগ্রেড, ১৯৬১
গ হাভানা, ১৯৭৩ ঘ কায়রো, ১৯৭০
উত্তর: খ

৬. **The first NAM summit was held in -** [One Bank Ltd. Special Cadre Officer : 12/ Shahjalal Islami Bank Ltd. Trainee Officer : 11/ Bangladesh krishi Bank Officer: 07]
Or,
জোট নিরপেক্ষ আন্দোলনের প্রথম সম্মেলন কোথায় হয়? [সাব-রেজিস্ট্রার : ০১]
ⓐ Belgrade ⓑ Havana ⓒ New Delhi
ⓓ Jakarta ⓔ Cairo
Ans. a

৭. **জোট নিরপেক্ষ আন্দোলন কি অর্থে সংজ্ঞায়িত হয়েছিল?** [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]
ক স্নায়ুদ্ধকালীন পরাশক্তিদ্বয়ের সাথে মিত্রতা পরিহার
খ নিরপেক্ষ নীতি বাস্তবায়ন
গ স্নায়ুদ্ধকালীন পরাশক্তিদ্বয়ের বহুমাত্রিক জোটের অন্তর্ভুক্তি পরিহার
ঘ নিরপেক্ষায়িত অবস্থান বজায় রাখা
উত্তর: গ

৮. **জোট নিরপেক্ষ আন্দোলন শুরু হয়-** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৪]
ক ১৯৪৮ সালে খ ১৯৫০ সালে
গ ১৯৫৫ সালে ঘ ১৯৬১ সালে
উত্তর: ঘ

৯. **মার্শাল টিটো কোন দেশের নাগরিক?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ক বুলগেরিয়া খ তুরস্ক
গ আলজেরিয়া ঘ যুগোস্লাভিয়া
উত্তর: ঘ

১০. **জোট নিরপেক্ষ আন্দোলন (NAM) সদর দপ্তর কোথায়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৫-০৬ / যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৯ / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ৯৬-৯৭]
ক কোনো সদর দপ্তর নেই খ বান্দুং
গ জাকার্তা ঘ ঢাকা
উত্তর: গ

১১. **NAM এবং Group of 77-** [সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপজেলা সমাজসেবা অফিসার : ০৮]
ক একই Association
খ NAM একটি রাজনৈতিক গ্রুপ, Group of 77 জাতিসংঘের অন্তর্ভুক্ত একটি Pressure Group
গ একই মেম্বারশিপের অধিকারী
ঘ উপরিউক্ত কোনোটিই নয়
উত্তর: খ

১২. **কে জোট নিরপেক্ষ আন্দোলনের সাথে যুক্ত নয়?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন/এইচআর):১৭]
ক জহরলাল নেহেরু খ মার্শাল টিটো
গ ড. সুকর্ণ ঘ আনোয়ার সাদাত
উত্তর: ঘ

স্নায়ুযুদ্ধোত্তর বিশ্ব

যুগোশ্লাভিয়ার পতন : ১৯৯২ সালে যুগোশ্লাভিয়া ভেঙ্গে যায়। বর্তমানে সাবেক যুগোশ্লাভিয়া হতে ৭টি রাষ্ট্রের জন্ম হয়েছে। যথা- সার্বিয়া, শ্লোভেনিয়া, ক্রোয়েশিয়া, মন্টিনিগ্রো, বসনিয়া হার্জেগোভিনা, মেসিডোনিয়া এবং কসোভো।

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

ভালভেট বিপ্লব (Velvet Revolution) : সময়কাল : ১৭ নভেম্বর, ১৯৮৯ - ২৯ ডিসেম্বর, ১৯৮৯ । সালে সাবেক চেকোশ্লাভাকিয়ায় সংঘটিত অহিংস সমাজতন্ত্র বিরোধী রাজনৈতিক আন্দোলন ভালভেট বিপ্লব নামে পরিচিত। এই বিপ্লবের ফলে চেকোশ্লাভাকিয়ায় একদলীয় কমুনিস্ট শাসনের অবসান হয়। এই বিপ্লবকে Gentle Revolution ও বলা হয়। স্নায়ু-যুদ্ধ পরবর্তীকালে পূর্ব ইউরোপের চেকোশ্লোভাকিয়া ১৯৯৩ সালের ১ জানুয়ারি শান্তিপূর্ণভাবে ভেঙ্গে দুটি রাষ্ট্রের জন্ম হয়। যথা- চেক প্রজাতন্ত্র এবং শ্লোভাকিয়া।

MCQ Solution

১. **বর্তমান পৃথিবীর একক পরাশক্তি কে?** [গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং) : ৯৯]
ক জাপান খ মার্কিন যুক্তরাষ্ট্র
গ রাশিয়া ঘ চীন
উত্তর: খ

২. **'Velvet Revolution' কি?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৬]
ক Velvet সামগ্রীর উৎপাদন
খ সাবেক চেকোস্লাভাকিয়ার সমাজতন্ত্র বিরোধী আন্দোলন
গ গর্বাচেভের কর্মসূচি
ঘ এর কোন অস্তিত্ব নেই
উত্তর: খ

৩. **১৯৯৩ সনে 'ভেলভেট ডিভোর্স' এর ফলে কোন দুটি দেশের জন্ম হয়-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ-ইউনিট) : ১২-১৩]
ক রাশিয়া ও জর্জিয়া খ চেক প্রজাতন্ত্র ও শ্লোভাকিয়া
গ বসনিয়া ও সার্বিয়া ঘ টুভ্যালু ও নাউরু
উত্তর: খ

৪. **সাম্প্রতিক অতীতে বিশ্বের মানচিত্র থেকে কোন দেশটির বিলুপ্তি ঘটেছে-** [ইসলামী বিশ্ববিদ্যালয় (জি-ইউনিট) : ০৫-০৬]
ক যুগোশ্লাভিয়া খ ফিলিস্তিন
গ বসনিয়া ঘ সার্বিয়া
উত্তর: ক

৫. **স্নায়ু-যুদ্ধ পরবর্তীকালে পূর্ব ইউরোপের যে দেশটি শান্তি পূর্ণভাবে বিভক্ত হয়েছে-** [গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের থানা প্রকৌশলী, সিভিল ইঞ্জিনিয়ার : ৯৯]
ক চেকোস্লোভাকিয়া খ ইউহোস্লোভিয়া
গ হাঙ্গেরী ঘ পূর্ব জার্মানী
উত্তর: ক

৬. **চেকোস্লোভাকিয়া কত সালে ভেঙ্গে দুটো রাষ্ট্রে পরিণত হয়?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা : ০৬]
ক ১৯৮৯ খ ১৯৯০
গ ১৯৯৩ ঘ ১৯৯৫
উত্তর: গ

সভ্যতার সংঘাত

The clash of Civilizations and the Remaking of the World Order (1993) গ্রন্থটির লেখক স্যামুয়েল হানটিংটন। আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে বাইবেল নামে খ্যাত। তিনি নব্বইয়ের দশকে 'সভ্যতার সংঘাত' (The clash of Civilizations) নামক তত্ত্বের জন্ম দেন, যেটি 'সেপ্টম্বর ১১' এর সন্ত্রাসী হামলার পর ব্যাপকভাবে পরিচিত হয়। গ্রন্থটিতে লেখক ৭টি (সম্ভাব্য ৮টি) সভ্যতার মধ্যে দ্বন্দ্বের কথা উল্লেখ করেন।

MCQ Solution

১. **স্নায়ুযুদ্ধোত্তর বিশ্বের সভ্যতার সংঘাত (Clash of civilizitions) হবে বলে কে মত প্রকাশ করেন?** [পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক : ০৪ / সাব- রেজিস্ট্রার : ০১]

Or,

The Clash of Civilization ধারণার প্রবক্তা কে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গণযোগাযোগ) : ০৭-০৮]
ক হেনরি কিসিঞ্জার খ প্রেসিডেন্ট বুশ
গ স্যামুয়েল হানটিংটন ঘ জন মেজর
উত্তর: গ

২. **The clash of Civilizations and the Remaking of the World Order গ্রন্থটি কে লিখেছেন?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ- ইউনিট) : ১৬-১৭]
ক স্যামুয়েল পি হান্টিংটন খ কার্ল মার্কস
গ বিল ক্লিনটন ঘ অমর্ত্য সেন
উত্তর: ক

৩. **The clash of civilization : The next Pattern of conflict (1993) শীর্ষক প্রবন্ধে হানটিংটন ক'টি সভ্যতার দ্বন্দ্বের কথা উল্লেখ করেছেন?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইনস্ট্রাক্টর : ০৫]
ক ২ টি খ ৮ টি
গ ৭ টি ঘ অনেকগুলো
উত্তর: খ

সীমারেখা

সীমারেখা	বিভক্ত করে
ওয়ালেস লাইন	এশিয়া ও অস্ট্রেলিয়া
নর্দার্ন লিমিট লাইন (Northern Limit Line)	উত্তর ও দক্ষিণ কোরিয়া (পীত সাগরে)
মিলিটারি ডিমারকেশন লাইন (Military Demarcation Line)	উত্তর ও দক্ষিণ কোরিয়া (১৯৫৩ খ্রি.)
ম্যাকনামারা লাইন (McNamara Line)	সাবেক উত্তর ও দক্ষিণ ভিয়েতনাম
ম্যাকমোহন লাইন (McMahon Line)	ভারত ও চীন
লাইন অব একচুয়াল কন্ট্রোল (Line of Actual Control)	ভারত ও চীন (কাশ্মীর সীমান্তে)
লাইন অব কন্ট্রোল (Line of Control)	ভারত ও পাকিস্তান
ডুরান্ড লাইন (Durand Line)	পাকিস্তান ও আফগানিস্তান
গ্রিন লাইন (Green Line)	ইসরায়েলের সীমারেখা (১৯৪৮ সালের আরব-ইসরায়েল যুদ্ধ)
ব্লু লাইন (Blue Line)	লেবানন ও ইসরায়েল
পার্পল লাইন (Purple Line)	সিরিয়া ও ইসরায়েল (১৯৬৭ সালের আরব-ইসরায়েল যুদ্ধ)
ম্যাজিনো লাইন (Maginot Line)	ফ্রান্স ও জার্মানি
সিগফ্রিড লাইন (Seigfried Line)	

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

সীমারেখা	বিভক্ত করে
হিন্ডারবার্গ লাইন (Hinderburg Line)	জার্মানি - পোল্যান্ড (প্রথম বিশ্বযুদ্ধোত্তর)
ওডারনিস লাইন (Oder-Neisse Line)	পূর্ব জার্মানি ও পোল্যান্ড (দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর)
ফচ লাইন (Foch Line)	পোল্যান্ড ও লিথুনিয়া
কার্জন লাইন (Curzon Line)	পোল্যান্ড এবং সোভিয়েত ইউনিয়ন (১৯২০ খ্রি.)
ম্যানারহেইম লাইন (Mannerheim Line)	সোভিয়েত ইউনিয়ন ও ফিনল্যান্ড
লাইন অব ডিমারকেশন (Line of Demarcation)	পর্তুগাল ও স্পেন
১৭° উত্তর অক্ষরেখা (17th Parallel North)	সাবেক উত্তর ও দক্ষিণ ভিয়েতনাম
২২° উত্তর অক্ষরেখা (22th Parallel North)	মিশর ও সুদান
২৫° উত্তর অক্ষরেখা (25th Parallel North)	মৌরিতানিয়া ও মালি
৩৮° উত্তর অক্ষরেখা (38th Parallel North)	উত্তর এবং দক্ষিণ কোরিয়া
৪৯° উত্তর অক্ষরেখা (49th Parallel North)	যুক্তরাষ্ট্র ও কানাডা

MCQ Solution

১. **ওয়ালেস-এর লাইন কোন কোন অঞ্চলের মধ্যকার কাল্পনিক সীমারেখা?** [তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ৯৭]
ক এশিয়া ও অস্ট্রেলিয়া খ আফ্রিকা ও মাদাগাস্কার
গ ওরিয়েন্টাল ও অস্ট্রেলিয়া ঘ উত্তর আমেরিকা ও দক্ষিণ আমেরিকা **উত্তর: ক**

২. **ডুরান্ড লাইন (Durand Line) কি?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি-১ ইউনিট) : ১৬-১৭/ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৩-০৪]
ক পাকিস্তান ও আফগানিস্তানের মধ্যকার সীমারেখা
খ ভারত ও চীনের মধ্যকার সীমারেখা
গ ভারত ও পাকিস্তানের মধ্যকার সীমারেখা
ঘ উপরের কোনোটিই নয় **উত্তর: ক**

৩. **পাকিস্তান ও আফগানিস্তান-এর মধ্যে যে আন্তর্জাতিক সীমানা চিহ্নিতকরণ রেখা আছে। সেটির নাম কি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮/ মেডিকেল : ০৬-০৭]
ক ডুরান্ড লাইন খ তালেবান লাইন
গ ম্যাকমোহন লাইন ঘ র‍্যাডক্লিফ লাইন **উত্তর: ক**

৪. **Which countries are separated by Mac-Mohan Line?** [Bangladesh Krishi Bank Officer (Cash) : 11]
Or,
'ম্যাকমোহন লাইন' কোন কোন দেশের সীমানা নির্ধারণ করে? [২৩তম বিসিএস/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট) : ১৫-১৬ স্থানীয় সরকার জনস্বাস্থ্য প্রকৌশল উপসহকারী : ১৫/ বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
ⓐ India-Pakistan ⓑ China-Tibet
ⓒ India-China ⓓ India-Bhutan **Ans. c**

৫. **ভারত ও চীনের সীমান্ত রেখার নাম কী?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]
ক ম্যাকমোহন লাইন খ ডুরান্ড লাইন গ রেডলাইন
ঘ র‍্যাডক্লিফ লাইন ঙ ম্যাকনামারা **উত্তর: ক**

৬. **What is the name of the border line between India and Pakistan?** [Dutch-Bangla Bank Ltd. Probationary Officer : 11]
ⓐ Line of Control ⓑ Durand Line
ⓒ Indo-Pak Line ⓓ Sindh Line
ⓔ None of these **Ans. a**

৭. **'লাইন অব কন্ট্রোল' কোন দুটি দেশের সীমান্তবর্তী রেখা?** [২৪তম বিসিএস/ ত্রয়োদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা স্কুল পর্যায় -২ : ১৬ / কর্মসংস্থান ব্যাংক অফিসার (ক্যাশ) : ১৫/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
Or,
'Line of Control' is a boundary between which countries? [Khulna University (Social Science School) : 16-17]
ⓐ China and India ⓑ North Korea and South Korea
ⓒ Pakistan and Afganistan ⓓ Pakistan and India **Ans. d**

৮. **'লাইন অব এ্যাকচুয়াল কন্ট্রোল' কোন দু'টি দেশের সীমানা বিভাগকারী রেখা?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১২-১৩]
ক ইসরাইল ও লেবানন খ ভারত ও পাকিস্তান
গ চীন ও ভারত ঘ ফ্রান্স ও জার্মানী **উত্তর: গ**

৯. **ব্লু লাইন কোন দেশ দুটিকে পৃথক করেছে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১২-১৩]
ক লেবানন ও ইসরায়েল খ উত্তর ও দক্ষিণ কোরিয়া
গ সিরিয়া ও তুরস্ক ঘ রাশিয়া ও ফিনল্যান্ড **উত্তর: ক**

১০. **ওডার নীচ নদী –** [১১তম বিসিএস]
ক পূর্ব জার্মানি ও পোল্যান্ডের মধ্যে সীমা নির্ধারক
খ পশ্চিম জার্মানি ও চেকোশ্লোভাকিয়ার মধ্যে সীমা নির্ধারক
গ পশ্চিম জার্মানি ও পোল্যান্ডের মধ্যে সীমা নির্ধারক
ঘ সংযুক্ত জার্মান ও ফ্রান্সের মধ্যে সীমা নির্ধারক **উত্তর: ক**

১১. **জার্মান আক্রমণ হতে রক্ষা পাওয়ার জন্য ফ্রান্স কর্তৃক জার্মান-ফ্রান্স সীমান্তে নির্মিত সুরক্ষিত সীমারেখা কোনটি?** [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা : ০৭]
ক ডুরান্ড লাইন খ ম্যাজিনো লাইন
গ হিন্ডারবার্গ লাইন ঘ ম্যাকমোহন লাইন **উত্তর: খ**

১২. **North & South Korea are divided by the-** [Sonali Bank Ltd. Senior Officer: 13]
Or,
উত্তর ও দক্ষিণ কোরিয়ার মধ্যকার সীমারেখা কোনটি? [পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়ে সহকারী সচিব : ০৫/ বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিস্ফোরক পরিদর্শক : ০৩ / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ, ঘ ইউনিট) : ০২-০৩]
ⓐ 17th Parallel (১৭তম অক্ষরেখা)
ⓑ 30th Parallel (৩০তম অক্ষরেখা)
ⓒ 38th Parallel (৩৮তম অক্ষরেখা)
ⓓ 18th Parallel (১৮তম অক্ষরেখা) **Ans. c**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

১৩. **সংযুক্তির পূর্বে উত্তর ও দক্ষিণ ভিয়েতনামের সীমানা কোন অক্ষরেখা দ্বারা চিহ্নিত ছিল?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০১]

ক ৩৮° সমান্তরাল খ ১৭° সমান্তরাল
গ ২৩° সমান্তরাল ঘ ১৮° সমান্তরাল **উত্তর: খ**

অমীমাংসিত ভূখণ্ড

কালাপানি : একটি ভূখণ্ডগত বিবাদপূর্ণ এলাকা যেটি নেপালের দার্চুলা জেলা এবং ভারতের পিথরাগোর জেলার মাঝখানে অবস্থিত। ১৯৬২ সালে চীনের সাথে ভারতের সীমান্ত যুদ্ধের পর থেকে বর্তমানে কালাপানি অঞ্চলটি ইন্দো-তিব্বতিয়ান বর্ডার সিকিউরিটি ফোর্সের দ্বারা দখলকৃত রয়েছে বলে নেপাল অভিযোগ করে আসছে। ১৮১৬ সালে তৎকালীন ব্রিটিশ ভারত এবং নেপালের মধ্যে একটি চুক্তি হয় যেখানে কালি নদীকে ভারত সংলগ্ন দক্ষিণ নেপালের অংশ বলে স্বীকার করা হয়। কিন্তু পরবর্তীতে এই ম্যাপটি ব্রিটিশ জরিপকারীদের দ্বারা অঙ্কিত হয় যেখানে নদীটির সীমানাকে আলাদা করে দেখানো হয়। ব্রিটিশদের এই দ্বান্দ্বিক বিভাজনের কারণেই বর্তমানে ভারত ও নেপালের মাঝে কালাপানি নিয়ে সমস্যা সৃষ্টি হয়েছে। বর্তমানে দেশ দুটি তাদের নিজস্ব ইচ্ছা অনুযায়ী নদীটি দাবি করে যাচ্ছে।

ডোকলাম উপত্যকা : ডোকলাম মূলত ভুটানের অংশ। চীন-ভুটান-ভারতের সিকিম রাজ্যের লাগোয়া ডোকলাম নিয়ে চীন ও ভুটানের বিরোধ রয়েছে। ২০১৭ সালের জুন মাসে চীনা সৈন্যরা ডোকলামে রাস্তা তৈরির উদ্যোগ নিলে নিরাপত্তার স্বার্থে ভারতীয় বাহিনী বাধা দেয়। ফলে ভারত ও চীনের মধ্যে সামরিক উত্তেজনা দেখা দেয়। ভারতের দাবি, ওই অংশ বিতর্কিত এবং তিন দেশের আলোচনার মাধ্যমে এই বির্তকের সমাধান করতে হবে। চীনের দাবি, ওই অংশ তাদের।

জম্মু ও কাশ্মীর : ১৯৪৭ সালে ব্রিটিশ বিতাড়নকালে কাশ্মীর ছিল হিন্দুরাজা শাসিত মুসলিম সংখ্যাগরিষ্ঠ একটি করদ রাজ্য। এ সময় কাশ্মীরের রাজা ছিলেন হরি সিং। ভারত বিভাজনের অন্যতম শর্ত ছিল, ভারতের দেশীয় রাজ্যের রাজারা ভারত বা পাকিস্তানে যোগ দিতে পারবেন, অথবা তারা স্বাধীনতা বজায় রেখে শাসনকাজ চালাতে পারবেন। কাশ্মীরের তৎকালীন হিন্দু রাজা হরি সিং অর্ন্তভুক্তর ব্যাপারে কোনো সিদ্ধান্ত নিতে না পারায় সেখানে অব্যাহতভাবে গোলমাল চলতে থাকে। হরি সিংয়ের অবিমৃষ্যকারিতার জন্য ১৯৪৭ সালের ২২ অক্টোবর পাকিস্তান-সমর্থিত আদিবাসীরা কাশ্মীরে অনুপ্রবেশ করে। হরি সিং ভীত হয়ে ভারতের গভর্নর জেনারেল লর্ড মাউন্টব্যাটেনের কাছে সহায়তা চান। হরি সিং ভারতভুক্তির পক্ষে স্বাক্ষর করবেন, এই শর্তে মাউন্টব্যাটেন তাকে সাহায্য করতে রাজি হন। ১৯৪৭ সালের ২৬ অক্টোবর হরি সিং ভারতভুক্তির চুক্তিতে স্বাক্ষর করে। হরি সিং রাজা হলেও এ সময় ব্যাপক জনপ্রিয় জাতীয়তাবাদী নেতা ছিলেন শেখ মুহাম্মদ আবদুল্লাহ ('কাশ্মীরের বাঘ' নামে খ্যাত)। তিনি ছিলেন, জম্মু ও কাশ্মীরের স্বতন্ত্র জাতিসত্তার দাবিদার। ভারত শেখ আবদুল্লাহকে রাজ্যের প্রশাসনিক সরকারের প্রধান নিয়োগ করে। ভারতীয় সৈন্যরা কাশ্মীরে প্রবেশ করে অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হয়। ভারত বিষয়টি জাতিসংঘে উত্থাপন করে। জাতিসংঘ ভারত ও পাকিস্তানকে তাদের অধিকৃত এলাকা খালি করে দিয়ে জাতিসংঘের তত্ত্বাবধানে



কাশ্মীরের শেষ রাজা হরি সিং

গণভোটের প্রস্তাব দেয়। ভারত প্রথমে এই প্রস্তাবে সম্মত হয়েছিল। কিন্তু ১৯৫২ সালে জম্মু ও কাশ্মীরের নির্বাচিত গণপরিষদ ভারতভুক্তির পক্ষে ভোট দিলে ভারত গণভোটের বিপক্ষে মত দেয়। ভারত গণভোট আয়োজনে অসম্মত হয়েছিল এজন্য যে, মুসলিম অধ্যুষিত কাশ্মীরের বেশিরভাগ ভোটারই পাকিস্তানের পক্ষে ভোটদান করবে এবং কাশ্মীরে ভারত ত্যাগের আন্দোলন আরো জোরদার হবে। বর্তমানে কাশ্মীরের ৪৩% ভূমি ভারতের নিয়ন্ত্রণে (জম্মু-কাশ্মীর উপত্যকা, লাদাখ, সিয়াচেন হিমবাহ), ৩৭% ভূমি পাকিস্তানের নিয়ন্ত্রণে (আজাদ কাশ্মীর) এবং ২০% ভূমি চীনের নিয়ন্ত্রণে (আকসাই চীন, ট্রান্স কারাকোরাম ট্রাক্ট) রয়েছে। ভারত নিয়ন্ত্রিত কাশ্মীরের লাদাখ অংশে বৌদ্ধরা সংখ্যাগরিষ্ঠ। এখন পর্যন্ত কাশ্মীর নিয়ে ভারত-পাকিস্তানের মধ্যে ১৯৪৭, ১৯৬৫, ১৯৯৯ সালে মোট ৩ বার যুদ্ধ হয়েছে। কাশ্মীর নিয়ে ভারত-চীনের মধ্যে ১৯৬২ সালে একবার যুদ্ধ হয়েছে। জম্মু কাশ্মীর লিবারেশন ফ্রন্ট (Jammu Kasmir Liberation Front - JKLF) জম্মু কাশ্মীরের একটি গেরিলা সংগঠন।

গোলান মালভূমি : সিরিয়া-ইসরায়েল সীমান্তে অবস্থিত। ১৯৬৭ সালের তৃতীয় আরব-ইসরায়েল যুদ্ধের সময় ইসরায়েল গোলান মালভূমির দুই-তৃতীয়াংশ দখল করে নেয়। গোলান মালভূমিতে সিরিয়া-ইসরায়েলের যুদ্ধবিরতি রেখা পার্পল লাইন (Purple Line) নামে পরিচিত।

নাগার্নো- কারাবাখ (Nagorno-Karabakh) : দক্ষিণ ককেশাস অঞ্চলে অবস্থিত আইনত আজারবাইজানের একটি স্বায়ত্তশাসিত প্রশাসনিক অঞ্চল কিন্তু কার্যত একটি স্বাধীন রাষ্ট্র। তবে এটি স্বাধীন রাষ্ট্র হিসেবে এখনো আন্তর্জাতিক স্বীকৃতি পায়নি। ১৯৯৪ সালে এই করিডোর নিয়ে আজারবাইজান ও আর্মেনিয়ার মধ্যে যুদ্ধ হয়।

আবেই সুদান ও দক্ষিণ সুদানের সীমান্তবর্তী বিরোধপূর্ণ অঞ্চল।

MCQ Solution

১. **'কালাপানি' একটি -** [খুলনা বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট): ১৭-১৮]

ক কৃষ্ণসাগরে অবস্থিত দ্বীপ খ নিরাময় অযোগ্য ব্যাধি
গ অমীমাংসিত ভূখণ্ড ঘ ভারতীয় সাবমেরিন **উত্তর: গ**

২. **'কালাপানি' কোন দুই রাষ্ট্রের মধ্যে অমীমাংসিত ভূখণ্ড?** [৩৭তম বিসিএস/ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী সচিব : ১৭]

ক ভারত ও নেপাল খ পাকিস্তান ও চীন
গ ভুটান ও ভারত ঘ বাংলাদেশ ও ভারত **উত্তর: ক**

৩. **ডোকলাম ত্রিমুখী সীমান্ত সংযুক্ত করেছে -** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারি পরিচালক : ১৮/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৭-১৮]

ক ভারত, চীন ও নেপাল খ চীন, ভারত ও ভুটান
গ চীন, ভারত ও পাকিস্তান ঘ আফগানিস্তান, ভারত ও চীন **উত্তর: খ**

৪. **১৯৪৭ সালে ব্রিটিশ বিতাড়নকালে কাশ্মীর ছিল-** [Sonali, Janata, Agrani and Rupali Bank Senior Office: 00]

ক মুসলিম সংখ্যাগরিষ্ঠ খ হিন্দু রাজা শাসিত
গ একটি করদ রাজ্য ঘ এর সবগুলোই সত্য **উত্তর: ঘ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৫. **কাশ্মীরের সর্বশেষ মহারাজা কে ছিলেন?** [নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার : ০৪]
ক গোলাপ সিং খ হরি সিং
গ কিরণ সিং ঘ রণজিৎ সিং **উত্তর: খ**

৬. **সিয়াচেন হিমবাহ কোথায় অবস্থিত?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০৭]
ক কাঠমান্ডু খ কাশ্মীর
গ ভুটান ঘ হিমাচল **উত্তর: খ**

৭. **সিয়াচেন কি?** [শ্রম পরিদপ্তরের মেডিকেল অফিসার : ০৫]
ক ভারত ও নেপালের মধ্যে একটি বিতর্কিত স্থান
খ ভারত ও পাকিস্তানের মধ্যে একটি বিতর্কিত স্থান
গ চীন ও তিব্বতের মধ্যে একটি বিতর্কিত স্থান
ঘ আফগানিস্তান ও রাশিয়ার মধ্যে একটি বিতর্কিত স্থান **উত্তর: খ**

৮. **আকসাই চীন মহাসড়ক কোথায় অবস্থিত?** [থানা সমাজসেবা অফিসার : ৯৯]
ক তিব্বত খ কাশ্মীর
গ সিকিম ঘ নেপাল **উত্তর: খ**

